NEW YORK STATE | Department of Health

COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে ভক্তের উপস্থিতি যুক্ত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

আপনার এই নথিটি পড়া হয়ে গেলে আপনি নিচে তা নিশ্চিত করতে পারবেন।

22 মার্চ 2021 পর্যন্ত

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে ভক্তের বা দর্শকের উপস্থিতি সমেত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতা আবার শুরু হচ্ছে বলে COVID-19 এর বিস্তার রোধে পেশাদার খেলাধূলার দল, অ্যাথলেট, দলের কর্মী, মালিক এবং ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম এবং অন্যান্য পেশাদার খেলাধূলার কেন্দ্রগুলির মালিক এবং অপারেটর এবং কেন্দ্রের কর্মী, সেইসাথে কন্ট্রাক্টর, ভেন্ডর, এবং সমর্থকদের সহায়তা করতে, ভক্ত বা দর্শকের উপস্থিতি যুক্ত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতার জন্য এই অন্তর্বর্তীকালীন নির্দেশিকা ("COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে ভক্তের উপস্থিতি যুক্ত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা") তৈরি করা হয়েছে।

এই নথিটির উদ্দেশ্যের জন্য, পেশাদার খেলাধূলা বলতে অংশগ্রহণকারীদের অর্থ প্রদান করা হয় এমন (যেমন একটি লীগ, দল বা স্পন্সর দ্বারা) বা পেশাদারভাবে সংগঠিত (যেমন অলিম্পিক কমিটি) যে কোনো খেলাধূলার ইভেন্টকে বোঝানো হয়েছে। এই নির্দেশিকার পাশাপাশি, অস্ত্র ছাড়া লড়াইয়ের খেলাধূলার অংশগ্রহণকারীগণও নিউ ইয়র্ক স্টেট অ্যাথলেটিক কমিশনের এক্তিয়ার এবং নিয়মাবলী সাপেক্ষ। এই নির্দেশিকা ইয়ুথ বা কলিজিয়েট খেলাধূলার ক্ষেত্রে প্রযোজ্য নয়। সেগুলি আলাদা নির্দেশিকার আওতাভুক্ত। এই নির্দেশিকা ঘোড়া দৌড় বা অটো রেসিংয়ের ক্ষেত্রেও প্রযোজ্য নয়। সেগুলি আলাদা নির্দেশিকার আওতাভুক্ত। উপরন্তু, ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম, এবং পেশাদার খেলাধূলার প্রতিযোগিতা নয় এমন যে সমস্ত ইভেন্টগুলি অন্যান্য খেলাধূলার কেন্দ্রে অনুষ্ঠিত হতে পারে সেগুলির ক্ষেত্রেও এই নির্দেশিকাটি প্রযোজ্য নয়। সেগুলি শিল্পকলা প্রদর্শন এবং বিনোদনের আলাদা নির্দেশিকার আওতাভুক্ত।

এই নির্দেশিকা অনুযায়ী, 10,000 বা তার বেশি সংখ্যক ইনডোর ও আউটডোর অংশগ্রহণকারীর ধারণক্ষমতা সম্পন্ন পেশাদার খেলাধূলার ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম এবং পেশাদার খেলাধূলার কেন্দ্রগুলি একটি সীমিত সংখ্যক ভক্ত বা দর্শকবৃন্দ সমেত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতাগুলির আয়োজন করতে পারবে। ভক্ত বা দর্শকবৃন্দ সমেত প্রতিযোগিতাগুলির আয়োজন করার আগে, সেই ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম, এবং কেন্দ্রগুলিকে অবশ্যই একটি কেন্দ্র এবং ইভেন্টের পরিকল্পনা নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health, DOH) এর কাছে জমা দিতে হবে, যার মধ্যে থাকতে হবে পরীক্ষা/টিকাকরণ/স্বাস্থ্যের স্ক্রিনিং, সামাজিক দূরত্ব বজায় রাখা, মুখের আবরণ, নিয়ন্ত্রিত গতিবিধি, হাতের স্বাস্থ্যবিধি, পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ, এবং যোগাযোগ সম্পর্কে এই নির্দেশিকায় স্থিরীকৃত মানদণ্ড পূরণের নির্দিষ্ট বন্দোবস্ত এবং/অথবা সংস্থানের উপস্থিতি। কেন্দ্র এবং ইভেন্টের পরিকল্পনা পাওয়ার পরে, ভক্ত ও দর্শকবৃন্দ সমেত প্রতিযোগিতাগুলোর আয়োজন করার অনুমোদন দেওয়ার আগে, স্বাস্থ্য দপ্তর (DOH) অতিরিক্ত তথ্য চাইতে পারে এবং/অথবা একটি অন-সাইট বা দূরবর্তী তদন্ত সম্পাদন করতে পারে। কেন্দ্র ও অভেন্টের বস্তুগত পরিবর্তনগুলির ক্ষেত্রে, সেগুলি পর্যালোচনার জন্য অবশ্যই আবার জমা করতে হবে। প্রতিটি ইভেন্টের জন্য, অনুমোদিত ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম, এবং অন্যান্য কেন্দ্রগুলিকে, ইভেন্টের অন্তত 5 দিন আগে, স্বাস্থ্য দপ্তরে (DOH) অবশ্যই ইভেন্টের বিশদ জমা করতে হবে, এবং সেই বিশদে যেগুলি অন্তর্ভুক্ত থাকবে কিন্তু সেগুলিতেই সীমাবদ্ধ থাকবে না (1) দায়বদ্ধ পক্ষদের যোগাযোগের তথ্য, (2) ইভেন্টের নাম, (3) ইভেন্টের ঠিকানা, (4) ইভেন্টের তারিখ ও সময়, (5) ইভেন্টের আনুমানিক মেয়াদ, (6) ইভেন্টের ভক্ত বা দর্শকবৃন্দের প্রত্যাশিত সংখ্যা, এবং (7) কেন্দ্রের কর্মী, কন্ট্রাক্টর, এবং ভেন্ডর সহ ইভেন্টের কর্মীর প্রত্যাশিত সংখ্যা।

1লা এপ্রিল, 2021 থেকে, 1,500 থেকে 9,999 ইনডোর অংশগ্রহণকারী বা 2,500 থেকে 9,999 আউটডোর অংশগ্রহণকারীর ধারণক্ষমতা সম্পন্ন পেশাদার খেলাধূলার ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম এবং পেশাদার খেলাধূলার কেন্দ্রগুলি একটি সীমিত সংখ্যক ভক্ত বা দর্শকবৃন্দ সমেত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতাগুলির আয়োজন করতে পারবে। ভক্ত বা দর্শকবৃন্দ সমেত প্রতিযোগিতাগুলির আয়োজন করার আগে, সেই ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম, এবং কেন্দ্রগুলিকে অবশ্যই একটি কেন্দ্র এবং ইভেন্টের পরিকল্পনা সংশ্লিষ্ট কাউন্টির স্বাস্থ্য দপ্তর বা স্থানীয় জনস্বাস্থ্য কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে, যার মধ্যে থাকতে হবে পরীক্ষা/টিকাকরণ/স্বাস্থ্যের স্ক্রিনিং, সামাজিক দূরত্ব বজায় রাখা, মুখের আবরণ, নিয়ন্ত্রিত গতিবিধি, হাতের স্বাস্থ্যবিধি, পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ, এবং যোগাযোগ সম্পর্কে এই নির্দেশিকায় স্থিরীকৃত মানদণ্ড পূরণের নির্দিষ্ট বন্দোবস্ত এবং/অথবা সংস্থানের উপস্থিতি। কেন্দ্র এবং ইভেন্টের পরিকল্পনা পাওয়ার পরে, ভক্ত ও দর্শকবৃন্দ সমেত প্রতিযোগিতাগুলোর আয়োজন করার অনুমোদন দেওয়ার আগে, স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তাগণ অতিরিক্ত তথ্য চাইতে পারেন এবং/অথবা একটি অন-সাইট বা দূরবর্তী তদন্ত সম্পাদন করতে পারে। কেন্দ্র ও অভেন্টের বস্তুগত পরিবর্তনগুলির ক্ষেত্রে, সেগুলি পর্যালোচনার জন্য অবশ্যই আবার জমা করতে হবে। প্রতিটি ইভেন্টের জন্য, অনুমোদিত ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম, এবং অন্যান্য কেন্দ্রগুলিকে, ইভেন্টের অন্তত 5 দিন আগে, স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের কাছে অবশ্যই ইভেন্টের বিশদ জমা করতে হবে, এবং সেই বিশদে যেগুলি অন্তর্ভুক্ত থাকবে কিন্তু সেগুলিতেই সীমাবদ্ধ থাকবে না (1) দায়বদ্ধ পক্ষদের যোগাযোগের তথ্য, (2) ইভেন্টের নাম, (3) ইভেন্টের ঠিকানা, (4) ইভেন্টের তারিখ ও সময়, (5) ইভেন্টের আনুমানিক মেয়াদ, (6) ইভেন্টের ভক্ত বা দর্শকবৃন্দের প্রত্যাশিত সংখ্যা, এবং (7) কেন্দ্রের কর্মী, কন্ট্রাক্টর, এবং ভেন্ডর সহ ইভেন্টের কর্মীর প্রত্যাশিত সংখ্যা।

মালিক, অপারেটর, পরিচালক, দলের কর্মী, কেন্দ্রের কর্মী, এবং ভক্তের উপস্থিতি যুক্ত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতার সাথে জড়িত অন্য যে কোনো ব্যক্তিবর্গকে যথার্থতা অনুযায়ী সংশ্লিষ্ট শিল্প-নির্দিষ্ট স্বাস্থ্য দপ্তর (DOH) এর নির্দেশিকা উল্লেখ করতে হবে। বিশেষ করে, অফিসগুলির মধ্যে সংঘটিত যে কোনো ক্রিয়াকলাপকে, স্বাস্থ্য দপ্তর (DOH) এর "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে অফিসগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Offices During the COVID-19 Public Health Emergency) অনুযায়ী অপারেট করতে হবে; পেশাদার খেলাধূলার প্রশিক্ষণ কেন্দ্রে সংঘটিত যে কোনো কার্যকলাপকে অবশ্যই স্বাস্থ্য দপ্তর (DOH) এর "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে পেশাদার খেলাধূলার প্রশিক্ষণ কেন্দ্রগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Professional Sports Training Facilities During the COVID-19 Public Health Emergency) অনুযায়ী অপারেট করতে হবে; ম্যাসাজ থেরাপি বা স্পা সম্পর্কিত যে কোনো কার্যকলাপকে অবশ্যই স্বাস্থ্য দপ্তর (DOH) এর "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে ব্যক্তিগত পরিচর্যা পরিষেবাগুলোর জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Personal Care Services During the COVID-19 Public Health Emergency) অনুযায়ী অপারেট করতে হবে; খাদ্য পরিষেবা সম্পর্কিত যে কোনো কার্যকলাপকে স্বাস্থ্য দপ্তর (DOH) এর "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে খাদ্য পরিষেবাসমূহের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Food Services During the COVID-19 Public Health Emergency) অনুযায়ী অপারেট করতে হবে; পণ্যসামগ্রী বিক্রয়ের মতো রিটেল সম্পর্কিত যে কোনো কার্যকলাপকে স্বাস্থ্য দপ্তর (DOH) এর "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে অত্যাবশ্যক এবং পর্যায় II রিটেল ব্যবসায়িক কার্যকলাপের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Essential and Phase II Retail Business Activities During the COVID-19 Public Health Emergency) অনুযায়ী অপারেট করতে হবে।

এই নির্দেশিকাগুলি শুধুমাত্র ন্যূনতম আবশ্যিকতা এবং পেশাদার খেলাধূলার দল, ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম, বা অন্যান্য পেশাদার খেলাধূলার কেন্দ্রগুলি অতিরিক্ত সাবধানতা অবলম্বন করার বা আরো বেশি নিষেধাজ্ঞা জারি করার অধিকারপ্রাপ্ত। এই নির্দেশিকাগুলি প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অভ্যাসের উপর ভিত্তি করা, এবং যে নথির উপর নির্ভর করে এই নির্দেশিকা তৈরি হয়েছে তা প্রায়শই পরিবর্তিত হতে পারে এবং পরিবর্তিত হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণ - নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে – পেশাদার খেলাধূলার কার্যকলাপ এবং পেশাদার খেলাধূলার কেন্দ্র পরিচালনা সম্পর্কিত সমস্ত স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতাগুলি পালন করার জন্য কৈফিয়ত দিতে বাধ্য। দায়বদ্ধ পক্ষগুলি এই আবশ্যিকতাগুলির যে কোনো আপডেট সম্পর্কে অবহিত থাকার পাশাপাশি যেকোনো পেশাদার খেলাধূলার দল, ক্রীড়াঙ্গন, এবং/অথবা স্টেডিয়ামের সাইট নিরাপত্তার পরিকল্পনায় তা কার্যকর করার ক্ষেত্রেও কৈফিয়ত দিতে বাধ্য।

পটভূমি

2020 সালের 7ই মার্চ, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতির পরিপ্রেক্ষিতে একটি স্টেটের বিপর্যয় ঘোষণা করে নির্বাহী আদেশ 202 ইস্যু করেছেন। 15ই মে, 2020 থেকে, নিউ ইয়র্ক স্টেট বিজ্ঞান এবং ডেটার ওপর ভিত্তি করে একটি পর্যায় ভিত্তিক অর্থনৈতিক রিওপেনিং স্ট্র্যাটেজি বা কৌশল গঠন করেছে এবং সেটি নিয়োগ করেছে, যেটি COVID-19 অতিমারীর সময় জনস্বাস্থ্যকে সুরক্ষিত রেখে নির্দিষ্ট কিছু শিল্পকে নিরাপদে কার্যকলাপ এবং অপারেশন আবার শুরু করার বা বাড়াবার অনুমতি দিয়েছিল।

নিম্নলিখিত মানদণ্ড ছাড়াও, সমস্ত পেশাদার খেলাধূলার দল, ক্রীড়াঙ্গন, এবং স্টেডিয়ামগুলিকে পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য অবশ্যই স্বাস্থ্য বিভাগ (DOH) এর ইস্যু করা নির্দেশনা ও আদেশগুলি মেনে চলতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে ভক্তের উপস্থিতি যুক্ত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতার জন্য দায়বদ্ধতার মানদণ্ড

আমেরিকানস উইথ ডিজেবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি স্টেটের ন্যূনতম মানদণ্ড পূরণ না করে কোনো ভক্তের উপস্থিতি যুক্ত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতার আয়োজন করা যাবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা স্টেটের মানদণ্ডগুলি COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে ভক্তের উপস্থিতি যুক্ত সকল পেশাদার খেলাধূলার প্রতিযোগিতা ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ না স্টেট কর্তৃক বাতিল বা সংশোধন করা হয়। এই মানদণ্ডগুলির পাশাপাশি, পেশাদার খেলাধূলার কার্যকলাপগুলিকে অবশ্যই রিটার্ন-টু-প্লে নির্দেশিকা বা তাদের সংশ্লিষ্ট লীগ বা নিয়ামক কর্তৃপক্ষের অবলম্বিত পরামর্শগুলি মেনে চলতে হবে। পেশাদার খেলাধূলার দল বা পেশাদার খেলাধূলার ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম, বা অন্যান্য পেশাদার খেলাধূলার কেন্দ্র (যে কোনো ক্ষেত্রে, "দায়বদ্ধ পক্ষগুলি"), এই মানদণ্ডগুলি পূরণের জন্য দায়বদ্ধ থাকবেন।

ভক্তের উপস্থিতি যুক্ত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতা বিভিন্ন ধরনের ব্যক্তিবর্গের (যেমন, অ্যাথলেট, কোচ, প্রশিক্ষক, নিয়ামক, টাইমকিপার, জাজ, রেফারি, মেডিকেল কর্মী, মিডিয়া কর্মী, কেন্দ্রের কর্মী, কন্ট্রাক্টর, নিরাপত্তা কর্মী, ভেন্ডর) জড়িত থাকার কথা মাথায় রেখে, যে সকল ব্যক্তিবর্গের অংশগ্রহণ করতে হআয়োজন করতে হবে, এবং অন্য কোনো ভাবে উল্লেখ করা না থাকলে, যেখানে প্রযোজ্য, সেখানে ভক্তের উপস্থিতি যুক্ত একটি পেশাদার খেলাধূলার প্রতিযোগিতা সম্প্রচার করতে হবে, সেই ক্ষেত্রে এই নথিটি তাদেরকে সাধারণভাবে "দলের কর্মী, অ্যাথলেট, এবং কেন্দ্রের কর্মী" হিসেবে উল্লেখ করবে। এই নির্দেশিকার উদ্দেশ্যের জন্য, পেশাদার খেলাধূলার ক্রীড়াঙ্গন, স্টেডিয়াম এবং পেশাদার খেলাধূলার কেন্দ্রগুলি "ভেন্যু বা কেন্দ্র" এবং ভক্ত বা দর্শকবৃন্দকে "সমর্থক" হিসেবে উল্লেখ করা হবে।

নিম্নলিখিত নির্দেশিকা তিনটি পৃথক শ্রেণী ঘিরে গড়ে উঠেছে: মানুষ, স্থান, এবং প্রক্রিয়া।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

1. সমর্থক

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে ইনডোর বা আউটডোর ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতাগুলোতে সমর্থকের মোট সংখ্যা একটি স্থায়ী সংখ্যক আসন যুক্ত ক্রীড়াঙ্গনের ক্ষেত্রে সর্বাধিক ধারণক্ষমতার 10% এর বেশি হবে না এবং একটি পরিবর্তনশীল সংখ্যক আসনযুক্ত ক্রীড়াঙ্গনের ক্ষেত্রে উপস্থিতির শংসাপত্র (সার্টিফিকেট অফ অকুপেন্সি) দ্বারা নির্ধারিত উপস্থিতির সর্বাধিক সংখ্যার 10% এর বেশি হতে পারবে না, এবং এই সংখ্যার মধ্যে দলের কর্মী, অ্যাথলেট, এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের ধরা হবে না।
    - 1লা এপ্রিল, 2021 থেকে, প্রয়োগযোগ্যতা অনুযায়ী, আউটডোর ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত পেশাদার খেলাধূলার প্রতিযোগিতাগুলোতে সমর্থকের সংখ্যা অবশ্যই উপস্থিতির সর্বাধিক ধারণক্ষমতার 20% এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। একটি আউটডোর ক্রীড়াঙ্গনের একটি নির্ধারিত ধারণক্ষমতা বা উপস্থিতি না থাকলে, দায়বদ্ধ পক্ষগণকে ধারণক্ষমতা অবশ্যই প্রতি 100 বর্গ ফুটে 1 জন বা প্রতি 250 বর্গফুটে 4 জনের একটি দলের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে, এবং এই সংখ্যার মধ্যে দলের কর্মী, অ্যাথলেট, এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের ধরা হবে না।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে সমস্ত সমর্থককে শুধুমাত্র তখনই প্রবেশের অনুমতি দেওয়া হবে যদি তারা সবসময় একটি স্বীকৃত মুখের আবরণ পরেন; যদিও, ব্যতিক্রমস্বরূপ, খাওয়া বা পান করার জন্য তাদের নির্ধারিত আসনে/অঞ্চলে বসে থাকাকালীন তারা তাদের মুখের আবরণটি খুলতে পারবেন। দুই বছরের বেশি বয়সী এবং শারীরিকভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলের ক্ষেত্রে মুখের আবরণের আবশ্যিকতাটি প্রযোজ্য।
    - COVID-19 এর জন্য স্বীকৃত মুখের আবরণের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, কাপড়-ভিত্তিক মুখ আবরণ এবং নিষ্পত্তিযোগ্য মাস্ক যা মুখ এবং নাক উভয় ঢেকে রাখে।
    - যদিও, যেসব ক্ষেত্রে সাধারণত কাজের প্রকৃতির কারণে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম হিসাবে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে কাপড়, ডিসপোজেবল, বা অন্যান্য উপকরণে তৈরি মুখ আবরণ কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য মুখ আবরণ হিসাবে গ্রহণযোগ্য নয়। সেই ক্রিয়াকলাপগুলির জন্য, OSHA নির্দেশিকা অনুসারে বিদ্যমান শিল্পের মানদণ্ড অনুযায়ী ব্যবহৃত N95 রেস্পিরেটর বা অন্যান্য PPE ব্যবহার করা অবিরত রাখতে হবে।
    - ফেডারেল ADA এবং নিউ ইয়র্ক স্টেট এবং সিটির মানবাধিকার আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ ভাবে মুখাবরণ পরার প্রয়োজনীয়তা প্রয়োগ করতে হবে, যেমনটা প্রযোজ্য।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে সমস্ত সমর্থক নিজেদের মধ্যে সবসময় অন্তত ছয় ফুটের একটি দূরত্ব বজায় রাখবেন, একই দল/বাড়ি/পরিবারের সদস্যদের ক্ষেত্রে এই বিষয়ে ছাড় থাকবে।
    - যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগণকে আলাদা দল/বাড়ি/পরিবারের ব্যক্তিবর্গকে নয় থেকে বারো ফুটের দূরত্ব বজায় রাখার পরামর্শ দিতে হবে। ছয় ফুটের বেশি দূরত্ব বজায় রাখার আবশ্যিকতাগুলো দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনে আরও বেশি নিয়ন্ত্রিত গতিবিধি সুনিশ্চিত করতে সহায়তা করবে এবং এই নির্দেশিকাটি মেনে চলা এবং কার্যকর করতে সহায়তা করবে।
    - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে ব্যক্তিবর্গ যেখানে জমায়েত হতে পারেন (যেমন পার্কিংয়ের জায়গা, অপেক্ষার লাইন/অঞ্চল, প্রবেশ/প্রস্থানের জায়গাগুলো, লবি, সমাবেশক্ষেত্র, লাউঞ্জ, দেখার জায়গা) সেই সমস্ত জায়গায় একই দল/বাড়ি/পরিবার থেকে না আসা সমর্থকরা যেন যথাযথ দূরত্ব বজায় রাখেন।
    - পার্কিং, প্রবেশ, ভর্তি, খেলার সময় বিরতি/ব্রেক, এবং বেরনোর পথে (যেমন, পর্যাপ্ত সংখ্যক গেট খোলা, যানবাহন নির্দেশিত করতে সহায়ক নিয়োগ, প্রবেশ এবং/অথবা বরাদ্দ করা গেটগুলির টাইমড ওয়েভ ব্যবহার করা, গাড়িগুলির মধ্যে অতিরিক্ত জায়গা প্রদান করতে পার্কিংয়ের জায়গাগুলোকে মডিফাই করা) একই দল/বাড়ি/পরিবার থেকে না আসা সমর্থকরা যথাযথ দূরত্ব বজায় রাখছেন তা সুনিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই ক্রীড়াঙ্গন-অনুযায়ী প্রোটোকল গঠন করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই দর্শকদের বসার একটি বন্দোবস্ত গড়ে তুলতে হবে যা একই দল/বাড়ি/পরিবার থেকে না আসা সমর্থকদের মধ্যে অন্তত ছয় ফুটের একটি দূরত্ব সুনিশ্চিত করে। যেখানে সম্ভব সেখানে দায়বদ্ধ পক্ষগণকে দল/বাড়ি/পরিবারের মধ্যে নয় থেকে বারো ফুটের দূরত্ব বজায় রাখা বিবেচনা করতে হবে।

- দূরত্বের আবশ্যিকতাগুলো মেনে চলা সুনিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনে প্রবেশের আগে সমর্থকদের আসন সংরক্ষণ ও সেগুলো বরাদ্দ করতে হবে।
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই, একটি সারির মধ্যে, ক্রীড়াঙ্গনের আসন এমনভাবে সীমিত করতে হবে যাতে প্রতিটি দলের সমর্থকদের মধ্যে অন্তত দুটি আসন খালি থাকে, যদি না ক্রীড়াঙ্গনে বসার আসনগুলোর মধ্যে স্বাভাবিকভাবেই ছয় ফুট দূরত্ব থাকে।
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই গতানুগতিক বসার ব্যবস্থায় এক সারি অন্তর বসার ব্যবস্থায় সীমিত করতে হবে যদি না ক্রীড়াঙ্গনে বসার আসনগুলোর মধ্যে স্বাভাবিকভাবেই ছয় ফুট দূরত্ব থাকে।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই প্রতিযোগিতা শুরু হয়ে গেলে সমর্থকদের বসে পড়ার জন্য উৎসাহিত করতে হবে, তা না হলে সমর্থকরা রেস্টরুম ব্যবহার, কনসেশন বা রিটেল এরিয়া(এরিয়াগুলো) থেকে জিনিস কেনাকাটা বা পিক-আপ করার জন্য যাতায়াত করতে থাকে, বা ক্রীড়াঙ্গন থেকে বেরিয়ে যান। সর্বজনীন অঞ্চলগুলিতে ঘোরাফেরা করবেন না।
- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগণের উচিত প্রতিটি সারিতে গ্রুপের সংখ্যা কমানো যাতে কোন ব্যক্তি আসন ছেড়ে রেস্টরুম ব্যবহার করতে বা কনসেশন এলাকায় যাওয়ার সময় নিকট সান্নিধ্য এড়ানো যায়।

• উপরন্তু, দর্শকের বসার বন্দোবস্ত গড়ে তোলার সময় দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করতে হবে:
  - যেখানে খেলাটি অনুষ্ঠিত হবে, দলের কর্মী এবং অ্যাথলেটরা আছেন, সেখান থেকে সমর্থকদের অবশ্যই 12 ফুট দূরে রাখতে হবে বা একটি উপযুক্ত বস্তুগত বাঁধা দিয়ে আলাদা করতে হবে।
  - ছোটো গ্রুপ বা "ব্লকগুলো"তে আসনগুলো উপলভ্য করতে হবে যা একই দল/বাড়ি/পরিবারের সদস্যদের একসাথে বসতে পারেন এবং অন্যান্য গ্রুপ বা সমর্থকদের থেকে যথাযথ দূরত্ব বজায় রাখতে পারেন।
  - যেখানে প্রযোজ্য, স্যুইট বা বক্সগুলির অবশ্যই নির্দিষ্ট সংখ্যক সমর্থক ধারণক্ষমতার সীমাবদ্ধতা থাকতে হবে (অর্থাৎ 10 জনের কম বা সেই জায়গার সর্বাধিক ধারণক্ষমতার 25%)।

• সামাজিক দূরত্বের আবশ্যিকতাগুলো মেনে চলা এবং যে কোন অপ্রয়োজনীয় জনসমাগম এড়ানোর জন্য সমর্থকদের নিজ নিজ আসনে নির্দেশিত করার জন্য দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনে অবশ্যই পর্যাপ্ত কর্মী রাখতে হবে।
  - যেখানে প্রযোজ্য, দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনে প্রতিযোগিতার আগে যতক্ষণ সম্ভব পর্যাপ্ত আলো বজায় রাখার জন্য উৎসাহিত করা হয় যাতে সমর্থকরা সামাজিক দূরত্বের আবশ্যিকতাগুলো অনুযায়ী বসতে পারেন।

• যেখানে ক্রীড়াঙ্গনের কর্মী এবং সমর্থকদের মধ্যে ছয় ফুট দূরত্ব বজায় রাখা সম্ভব নয় (যেমন, টিকিট বুথ, রেজিস্টার, কনসেশন এবং টিকেট সংগ্রহের জায়গা), সেখানে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই কর্মী এবং সমর্থকদের মধ্যে বস্তুগত প্রতিবন্ধকতা সৃষ্টি করতে হবে।
  - যদি ব্যবহার করা হয়, তাহলে OSHA নির্দেশাবলী অনুযায়ী শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা উচিত।
  - বস্তুগত বাঁধার বিকল্পগুলির মধ্যে থাকতে পারে: ফালি করে কাটা পর্দা, কিউবিকল, প্লেক্সিগ্লাস বা সেই ধরনের উপকরণ, বা অন্যান্য অপ্রবেশ্য বিভাজক বা পার্টিশন।

• দায়বদ্ধ পক্ষগণকে সমর্থক/ভক্তদের অভিজ্ঞতা সঞ্চয়ের এলাকা যেখানে সমর্থকদের একত্রিত হওয়ার বা মেলামেশা করার ঝুঁকি আছে, সেগুলিকে গেমগুলির আগে, সময়, এবং পরে অবিলম্বে বন্ধ করে দেওয়া বিবেচনা করতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই গেমের আগে বা পরে "মাঠে থাকা," সাধারণভাবে সমর্থকদের জন্য উপলভ্য রাখা হতে পারে এমন প্লে পাশের অঞ্চল এবং/অথবা পেশাদার খেলাধূলার অপারেশন এবং কার্যকলাপগুলোর জন্য অত্যাবশ্যক নন এমন অন্যান্য ব্যক্তিবর্গকে সরিয়ে দূরীভূত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে গেমটি শুরু হওয়ার ঠিক আগে বা পরে ক্রীড়াঙ্গনের বাইরে, যতটা সম্ভব, জমায়েত করতে বারণ করতে হবে, এবং ক্রীড়াঙ্গনের ঠিক বাইরে যে সমস্ত ব্যক্তিবর্গ জমায়েত করছেন এবং সামাজিক দূরত্বের আবশ্যিকতাগুলো লঙ্ঘন করছেন (যেমন, যারা অন্যদের যাতায়াতে বাঁধা সৃষ্টি করছেন) তাদেরকে হঠাবার জন্য একটি নিরাপত্তা পরিকল্পনা কার্যকর করতে হবে।
- যে সমস্ত ইভেন্টের ক্ষেত্রে ব্যাগের নিরাপত্তা পরীক্ষা বা ব্যক্তিগত সামগ্রীর অন্যান্য নিরাপত্তা পরীক্ষা করা আবশ্যক, সেক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগণকে ব্যাগগুলোর ওপর একটি নিষেধাজ্ঞা কার্যকর করতে হবে, অথবা লাইন যাতে তাড়াতাড়ি এগোয় এবং ব্যক্তিগত সামগ্রীর সাথে কর্মীদের ঘনঘন সংস্পর্শ এড়াতে, সমর্থকদের স্বচ্ছ ব্যাগে সামগ্রী নিয়ে আসতে বলতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণ ক্রীড়াঙ্গনে জনসমাগমকে উৎসাহিত করে এমন সাধারণ বসার জায়গাগুলোকে (যেমন শেয়ার করা বসার জায়গা, বেঞ্চ, কোচ) বন্ধ করার কথা বিবেচনা করতে হবে। এই ধরনের জায়গা খোলা থাকলে, দায়বদ্ধ পক্ষগুলির বসার জায়গার বন্দোবস্তে (উদাহরণস্বরূপ, চেয়ার, বেঞ্চ) পরিবর্তন করা উচিৎ, যাতে সমর্থক বা সমর্থকদের দল সব দিক থেকে অন্তত ছয় ফুট ব্যবধানে থাকেন (উদাহরণস্বরূপ, পাশাপাশি ভাবে এবং যখন একে অপরের মুখোমুখি হন) তা নিশ্চিত করা যায়।
- দায়বদ্ধ পক্ষগণকে সংকীর্ণ রাস্তা (যেমন বসার আসনের সারির মাঝে), হলওয়ে, বা ফাঁকা জায়গায় বেড়া, টেপ বা তীর চিহ্ন ব্যবহার করে দ্বি-মুখী চলাচল কমানোর ব্যবস্থা রাখতে হবে, এবং সাধারণত ব্যবহৃত এলাকায় বা যেসব জায়গায় সাধারণত লোকজন জড় হয় বা লাইনে দাড়ায় (যেমন লবি, রেস্টরুম, এলিভেটরের ঢোকার এবং বের হওয়ার রাস্তা, টিকিট স্টেশন, বক্স অফিস, স্বাস্থ্য পরীক্ষার জায়গা) সেখানে ছয় ফুট অন্তর দূরত্বের চিহ্ন দিতে হবে।
    - যেখানে সম্ভব সেখানে, দায়বদ্ধ পক্ষগণকে একমুখী যাতায়াতকে উৎসাহিত করতে মার্কার অথবা বাঁধা রাখতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সাধারণভাবে ভীড় হওয়া এলাকাগুলিতে ছয় ফুটের ব্যবধানের জন্য এলাকা চিহ্নিত করতে হবে (উদাহরণস্বরূপ, লবিতে সাধারণ বসার জায়গাগুলি, জিনিসপত্রের রিটেল অঞ্চলগুলো)।
    - একমুখী পায়ে হেঁটে চলার সুবিধার জন্য এবং ঢোকা বেরনোর পথে, সেইসাথে জনসমাবেশ এবং বেশি ভীড়যুক্ত অঞ্চলগুলোতে সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে সাইনেজ টাঙানো এবং বাইরে ও ভিতরে মার্কিং করার কথা বিবেচনা করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই যাতায়াতের পথে বাঁধা সৃষ্টি করা এবং ইভেন্টটির আগে ও পরে তাদের প্রেমিসেসে বা তার আশেপাশে অন্যান্য অননুমোদিত সমাগম নিষিদ্ধ করতে হবে। এই জনসমাগমের কার্যকলাপটিতে অনুৎসাহিত করতে কোনো ইভেন্টের দুই ঘন্টার বেশি আগে ক্রীড়াঙ্গনের পার্কিংয়ের জায়গা খোলা যাবে না।
- দায়বদ্ধ পক্ষগণকে, একই দল/বাড়ি/পরিবারের সদস্য না হওয়া সমর্থকদের মধ্যে যে কোনো অপ্রয়োজনীয় শারীরিক সংযোগে অনুৎসাহিত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণকে এই নির্দেশিকার মধ্যেকার আবশ্যিকতাগুলো কার্যকর করার জন্য একটি পদ্ধতি গড়েতুলতে হবে, যার মধ্যে মুখের আবরণ এবং সামাজিক দূরত্ব থাকলেও শুধুমাত্র সেটিতেই সীমিত থাকবে না। অনুবর্তিতার মেনে না চলার ক্ষেত্রে এই ধরনের পদ্ধতি সমর্থকদের জরিমানাকেও নির্দিষ্ট করতে পারে (যেমন, ক্রীড়াঙ্গন থেকে বের করে দেওয়ার আগে মুখের আবরণ না পরার জন্য একবার সতর্ক করে দেওয়া অনুমোদিত)।

2. দলের কর্মী, অ্যাথলেট, এবং ক্রীড়াঙ্গনের কর্মী

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মী, বিশেষ করে লাইনে দাঁড়ানোর সময়, লিফট বা চলন্ত সিড়ি ব্যবহার করার সময়, জায়গাটির আশেপাশে ঘুড়ে বেড়ানোর সময়,

যতটা সম্ভব, অন্যান্য ব্যক্তিবর্গ বা ব্যক্তিবর্গের গোষ্ঠী থেকে অন্তত ছয় ফুট দূরে থেকে শারীরিক দূরত্ব বজায় রাখছেন এবং প্রতিযোগিতা বা অন্যান্য মুখ্য কার্যকলাপগুলোর সময়ে ছাড়া অন্যান্য সময় কাছাকাছি আসছেন না বা সংযোগ ঘটাচ্ছেন না। পেশাদার খেলাধূলার ক্রীড়াঙ্গনে নির্দিষ্ট কিছু কাজ এবং মুখ্য কার্যকলাপে অন্যান্য ব্যক্তিবর্গের ছয় ফুটের মধ্যে আসার প্রয়োজন হয়, এই কাজগুলি চিহ্নিত করতে হবে এবং যে সমস্ত ব্যক্তিবর্গকে কাছাকাছি আসতে হচ্ছে তাদের ঝুঁকি দূরীকরণের জন্য একটি প্রোটোকল চিহ্নিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে দলের কর্মী, অ্যাথলেট, এবং ক্রীড়াঙ্গনের কর্মীরা সবসময় একটি স্বীকৃত মুখের আবরণ পরলেই শুধুমাত্র তাদের ক্রীড়াঙ্গনে প্রবেশ করার অনুমতি দেওয়া হবে। প্রশিক্ষণ, ওয়ার্ম আপ, বা প্রতিযোগিতারত অ্যাথলেট এবং সম্প্রচার করা মিডিয়া কর্মীরা যখন মুখ্য কার্যকলাপের সাথে যুক্ত থাকবেন তখন তাদের ক্ষেত্রে ছাড় থাকবে। সাইডলাইনে থাকার সময় এবং সক্রিয়ভাবে খেলাতে জড়িত না থাকাকালীন অ্যাথলেটদের অবশ্যই একটি মুখের আবরণ পরতে হবে। যদিও, যে সমস্ত অ্যাথলেট আগের খেলার পর সাইডলাইনে বসে আছেন, গেমে বদলি খেলোয়ার হিসেবে নামার জন্য প্রস্তুতি নিচ্ছেন, বা নামার জন্য প্রস্তুতি নেওয়ার একটি দলে নিয়োজিত আছেন বা বর্তমানে খেলার মাঠে আছেন, তারা এই আবশ্যিকতা থেকে ছাড় পাবেন।

- খেলার মাঠে না থাকাকালীন যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য দায়বদ্ধ পক্ষগণকে লকার রুম, রেস্টরুম, লাউঞ্জ, টিম বেঞ্চ, বা এই ধরনের জায়গাগুলোর মতো প্রায়শই শেয়ার করা জায়গাগুলোর ব্যবহার সীমিত করার জন্য দলের কর্মী এবং অ্যাথলেটদের জন্য অবশ্যই প্রোটোকল গঠন করতে হবে।

- সামাজিক দূরত্বের বন্দোবস্ত করতে দায়বদ্ধ পক্ষগণকে অ্যাথলেটদের জন্য সমস্ত লকারের মধ্যে ছয় ফুট জায়গা সুনিশ্চিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই খেলার মাঠে বা তার কাছাকাছি অনুমোদিত ব্যক্তিবর্গের সংখ্যা শুধুমাত্র অংশগ্রহণকারী অ্যাথলেট এবং দলের কর্মী (যেমন, কোচ), এবং অন্যান্য অত্যাবশ্যক কর্মী যাদের দায়বদ্ধ পক্ষগণ আবশ্যক মনে করবেন তাদের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে সমস্ত অত্যাবশ্যক কর্মীর জন্য ক্রীড়াঙ্গনের মধ্যে গতিবিধি এবং অ্যাক্সেস নিয়ন্ত্রণ করতে একটি টায়ার পদ্ধতি গড়ে তোলা বিবেচনা করতে হবে (যেমন, ক্রীড়াঙ্গনের মধ্যেকার টায়ার 1, 2, 3 ব্যক্তিবর্গ এবং অ্যাক্সেসের সংশ্লিষ্ট অধিকারসমূহ)।

- সবসময় যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য দায়বদ্ধ পক্ষগণকে সাইডলাইনে থাকা দলের কর্মী এবং অ্যাথলেটদের মধ্যে ছয় ফুট বা বেশি ব্যবধানে থাকা নিশ্চিত করতে হবে এবং সাইডলাইনগুলোতে দলের কর্মী এবং অ্যাথলেটদের মধ্যে সমাবেশ ন্যূনতম করতে হবে। যতক্ষণ পর্যন্ত না 12 ফুট খালি জায়গা বা একটি যথাযথ বস্তুগত বাঁধা সমর্থকদের দলের কর্মী এবং অ্যাথলেটদের আলাদা না করে ততক্ষণ এই দূরত্বের আবশ্যিকতা পূরণ করতে দলগুলি বসার জন্য সহায়ক বন্দোবস্ত (যেমন, বসার একটি সারি খালি ছেড়ে রাখা) ব্যবহার করা বিবেচনা করতে পারে।

- দায়বদ্ধ পক্ষগণকে, সমস্ত দলের ক্রীড়াঙ্গনে যাওয়া এবং ফেরার ভ্রমণের সময় (যেমন দলের বাস এবং প্লেন) যথাযথ সামাজিক দূরত্ব সুনিশ্চিত করতে হবে। পথিমধ্যে থাকাকালীন সমস্ত ব্যক্তিবর্গকে অবশ্যই যথাযথ মুখের আবরণ পরতে হবে।

- দলের কর্মী এবং অ্যাথলেটদের সাথে সমর্থক এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের মেলামেশা এবং জমায়েত সীমিত করতে দায়বদ্ধ পক্ষগণকে দলের কর্মী এবং অ্যাথলেটদের জন্য আলাদা প্রবেশপথ(প্রবেশপথগুলো) এর এবং হেলথ স্ক্রিনিংয়ের বন্দোবস্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে দলের জন্য নির্ধারিত অঞ্চলগুলোতে (যেমন লকার রুম, অ্যাথলেট লাউঞ্জ, ট্রেনিং এর এলাকা, অ্যাথলেটের চিকিৎসা সংক্রান্ত এলাকা) শুধুমাত্র দলের অত্যাবশ্যক কর্মী এবং অ্যাথলেটরাই অনুমোদিত হয়। চিকিৎসা সংক্রান্ত কর্মীদের দলের সেই এলাকাগুলোতে প্রবেশ করা নিষিদ্ধ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে গেম-পরবর্তী সাক্ষাৎকার সহ, মিডিয়ার পারস্পরিক বাক্যালাপ যথাযথ সামাজিক দূরত্ব অনুসরণ করে হয় এবং/অথবা সবসময় মাঝখানে যেন বস্তুগত বাঁধা থাকে।

- দায়বদ্ধ পক্ষগণকে দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের মধ্যে সাধারণভাবে পেশাদার খেলাধূলার কার্যকলাপের মূল অংশের সাথে সংযুক্ত নয় এমন যে কোনো অপ্রয়োজনীয় শারীরিক সংযোগে অনুৎসাহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে, যতটা সম্ভব, দলের কর্মী এবং ক্রীড়ঙ্গনের কর্মীদের মধ্যে যথাযথ দূরত্ব নিশ্চিত করতে, স্থায়ী ওয়ার্কস্টেশনগুলির জন্য বাস্তবসসমত লেআউটগুলির বন্দোবস্ত করতে হবে।
  - যথাযথ দূরত্ব বজায় রাখতে না দেওয়া জায়গাগুলিতে জমায়েত সীমিত করতে দায়বদ্ধ পক্ষগণকে অন-সাইট মিডিয়া কর্মীকে ক্রীড়াঙ্গনের মধ্যে দূরে কোথায় রাখতে হবে বা বস্তুগত বাঁধার (যেমন ব্রডকাস্ট বুথ, মিডিয়া রুম) বন্দোবস্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণ ওয়ার্কস্টেশন ও বসার আসনগুলির ব্যবহার পরিবর্তন এবং/অথবা সেগুলির সংখ্যা সীমাবদ্ধ করতে পারেন, যাতে দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মী সব দিক থেকে অন্তত ছয় ফুট (যেমন-পাশাপাশি এবং একে অপরের মুখোমুখি হওয়ার সময়) বজায় রাখতে পারেন এবং ব্যবহারের মাঝে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে ওয়ার্কস্টেশনগুলো শেয়ার না করেন। যখন ওয়ার্কস্টেশনের মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব হয় না, তখন দায়বদ্ধ পক্ষগণকে সেই সব এলাকায় প্লাস্টিকের ব্যবধক দেওয়ালের মতো বস্তুগত বাঁধা স্থাপন করতে হবে, যেখানে সেগুলি বাতাসের প্রবাহ, উত্তাপ, শীতলীকরণ অথবা বায়ু চলাচল প্রভাবিত করবে না, বা শরীর বা নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকির কারণ হবে না।

- দায়বদ্ধ পক্ষগণকে ছোট জায়গাগুলির (যেমন লিফট, যন্ত্রপাতির রুম, মেকানিক্যাল এলাকাগুলো, ক্যাশ রেজিস্টারের পিছনে, স্টোরেজ রুম) ব্যবহার নিষিদ্ধ করতে হবে যাতে একজনের বেশি ব্যক্তি ব্যবহার করতে না পারেন, যদি না সেই সমস্ত জায়গায় সকল ব্যক্তিবর্গ একই সময় গ্রহণযোগ্য মুখ আবরণ পরে থাকেন। তবে, মুখের আবরণ ব্যবহার করা সত্ত্বেও, উপস্থিতির সংখ্যা কখনই সর্বাধিক ধারণক্ষমতার 50% অতিক্রম করতে পারবে না, যদি না সেটি একজনের ব্যবহারের জন্য ডিজাইন করা হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণকে সেই এলাকাগুলোতে নিরাপত্তার প্রোটোকলগুলি মেনে চলার পাশাপাশি যতটা সম্ভব বাইরের বাতাস ভিতরে প্রবেশ করিয়ে বায়ু চলাচল বাড়ানোর বন্দোবস্ত করতে হবে (যেমন জানলা এবং দরজা খুলে রাখা)।
  - দায়বদ্ধ পক্ষগণকে লিফটের জন্য অপেক্ষা করার এলাকায় জনসমাগম যাতে না হয় এবং লিফটে একসাথে যতজন যেতে পারবেন তা সীমিত করার জন্য, সিঁড়ি ব্যবহার সক্রিয় করার মতো, অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ক্রীড়াঙ্গনের কর্মীদের মধ্যে ঘনিষ্ঠ সংযোগ বা কাছাকাছি থাকা সীমিত করার জন্য দায়বদ্ধ পক্ষগণ, যেখানে সম্ভব, তাদের নির্দিষ্ট জোড়ায় বা ছোটো গ্রুপে (অর্থাৎ সহচর বা দল) নিয়োজিত করা বিবেচনা করতে হবে, বিশেষ করে রক্ষণাবেক্ষণ এবং সাফাই কর্মীদের জন্য।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সমস্ত ক্রীড়াঙ্গন জুড়ে, স্বাস্থ্য দপ্তর (DOH) এর COVID-19 সাইনেজগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ চিহ্ন টাঙাতে হবে। দায়বদ্ধ পক্ষগণ তাদের কর্মক্ষেত্র বা সেটিং-এর উপর ভিত্তি করে নিজেদের প্রয়োজন মতো চিহ্ন তৈরি করতে পারেন, এই ধরনের চিহ্ন স্বাস্থ্য দপ্তরের চিহ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। ব্যক্তিদের নিম্নোক্ত বিষয়গুলি মনে করিয়ে দেওয়ার জন্য চিহ্নের ব্যবহার করা উচিত:
  - তারা অসুস্থ বোধ করলে বাড়িতে থাকা।
  - নির্ধারিত আসনে বসে খাওয়া, পান করা ছাড়া তাদের নাক এবং মুখ সব সময় একটি মুখের আবরণ দিয়ে ঢেকে রাখা
  - স্বাস্থ্য দপ্তরের ভ্রমণ পরামর্শের (DOH travel advisory) আবশ্যিকতাগুলো মেনে চলা।

- মুখের আবরণ সহ, PPE সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করা।
- শারীরিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলা।
- COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে সেটি তাদের করতে হবে।
- হাতের স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার ও জীবাণুমুক্তকরণের নির্দেশিকাগুলি অনুসরণ করা।
- যথাযথ শ্বাস-প্রশ্বাসের পরিচ্ছন্নতা এবং কাশির শিষ্টাচার অনুসরণ করা।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- যেখানে প্রযোজ্য, দায়বদ্ধ পক্ষগণকে যথাসম্ভব সশরীরে সমবেত হওয়া সীমিত করতে হবে (যেমন দলের কর্মীদের মিটিং, ক্রীড়াঙ্গনের কর্মীদের সংক্ষিপ্ত উপদেশ প্রদান) এবং CDC-র নির্দেশিকা "করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) রুখতে পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার জন্য ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19)) অনুযায়ী ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো অন্যান্য পদ্ধতি ব্যবহার করা। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং পছন্দই বা সম্ভব নয়, তখন দায়বদ্ধ পক্ষগণকে দলগুলোকে উন্মুক্ত, বায়ু চলাচলের উত্তম ব্যবস্থাযুক্ত জায়গায় মিটিং করা নিশ্চিত করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে পেশাদার খেলাধূলার প্রশিক্ষণ বা প্রতিযোগিতা ছাড়া, ব্যক্তিবর্গ একে অপরের সাথে ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখবেন (যেমন চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া অথবা ব্যক্তিবর্গকে একটা চেয়ার ছেড়ে পরে চেয়ারে বসতে হবে)।

- দায়বদ্ধ পক্ষগণকে লোকজনের উপস্থিতি সীমিত করে অথবা অত্যাবশ্যক নয় এমন সুযোগ-সুবিধা এবং সাম্প্রদায়িক এলাকা যা যথাযথ সামাজিক দূরত্ব পালনের সুযোগ দেয় না তা বন্ধ করে সামাজিক দূরত্ব পালনকে উৎসাহিত করতে হবে। যদি খোলা থাকে, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই এই ধরনের সুবিধার কাছাকাছি সরঞ্জামের পাশে হ্যান্ড স্যানিটাইজার বা জীবাণুনাশক ওয়াইপ সরবরাহ করতে হবে (উদাহরণস্বরূপ, ভেন্ডিং মেশিন, সাম্প্রদায়িক কফি স্টেশন, ব্রেক রুম)।

- দায়বদ্ধ পক্ষকে ছোট এলাকায়, যেমন রেস্টরুম এবং ব্রেকরুমগুলিতে পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং

- যেখানে সম্ভব দায়বদ্ধ পক্ষগণকে সাম্প্রদায়িক বাথরুমের জন্য সর্বোত্তম অনুশীলন বাস্তবায়ন করতে হবে, যার মধ্যে রয়েছে কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়:
  - ছয় ফুটের ব্যবধান সম্ভব না হলে টয়লেট এবং সিঙ্কগুলোর মধ্যে বস্তুগত বাঁধা স্থাপন করা (যেমন একটি অন্তর একটি স্টল বা সিঙ্ক বন্ধ করা);
  - স্পর্শবিহীন সাবান ডিসপেনসরের ব্যবহার;
  - এয়ার ড্রায়ারের পরিবর্তে স্পর্শবিহীন কাগজের তোয়ালের ডিস্পেন্সারের ব্যবহার; এবং
  - রেস্টরুমে এবং অপেক্ষার সময় দূরত্ব বজায় রাখার জন্য ধারণক্ষমতার বিধিবদ্ধতাকে উৎসাহিত করতে যথাযথ সাইনেজ টাঙানো।

- দায়বদ্ধ পক্ষগণকে যতদূর সম্ভব তাদের দলের কর্মীদের এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের যে কোন জনসমাগমের (যেমন কফি পানের বিরতি, খাবার, শিফট শুরু/শেষ হওয়া) ক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য সময়সূচী আগু-পিছু করা।

C. কার্য পরিচালনা সংক্রান্ত কার্যকলাপ

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগণকে, ক্রীড়াঙ্গন জুড়ে সমর্থকদের অনিয়ন্ত্রিত গতিবিধি হ্রাস করতে আনুষঙ্গিক বিনোদন বা আকর্ষণগুলো থাকা বিরতি (বিরতিগুলো) বা গেম ব্রেক (ব্রেকগুলো) এর সময় কমাতে হবে বা সেগুলো বন্ধ করে দিতে হবে।

- গান করা, চীৎকার করা, একজনের কণ্ঠস্বরকে জোড়ে অভিক্ষিপ্ত করা, বা ফুঁ দিয়ে বাজানোর বাদ্যযন্ত্রগুলোতে শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত জলকণা বেরিয়ে আসার সম্ভাবনা বেশি থাকার মতো কার্যকলাপগুলোর বর্ধিত ঝুঁকির কারণে, দায়বদ্ধ পক্ষগণকে এখন খুবে বেশি অ্যারোসোল-সৃষ্টিকারী প্রোগ্রামিং কমানোর উপায় বিবেচনা করতে হবে অথবা যথাযথ ঝুঁকি দূরীকরণ ব্যবস্থা (যেমন অতিরিক্ত খালি জায়গা, PPE, বা টেস্টিং) বাস্তবায়িত করতে হবে।
    - সমর্থকরা তাদের বসার জায়গা থেকে উঠতে পারবেন না (প্রবেশ/প্রস্থান, রেস্টরুম, এবং/অথবা কনসেশনগুলো ছাড়া) এরকম বাধ্যবাধকতা কার্যকর করে দায়বদ্ধ পক্ষগণকে দর্শকদের অংশগ্রহণ ন্যূনতম করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে সমস্ত দলের কর্মী, অ্যাথলেট, এবং ক্রীড়াঙ্গনের কর্মীরা যাতে COVID-19 সুরক্ষা, যথাযথ হাতের এবং শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত স্বাস্থ্যবিধি, এবং পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণ প্রোটোকলগুলো সম্পর্কে প্রশিক্ষণ পান।

- দায়বদ্ধ পক্ষগণকে এই ধরণের পদ্ধতিগুলির মাধ্যমে পারস্পরিক সংযোগ এবং জনসমাগম কমাতে হবে:
    - কেবলমাত্র সেই কর্মীদের মধ্যে সশরীরে উপস্থিতি সীমিত করতে হবে যাদের দর্শক থাকা একটি প্রতিযোগিতার আয়োজন, বন্দোবস্ত, এবং সম্প্রচার করতে থাকা প্রয়োজন;
    - কর্মক্ষেত্রের সময়গুলির সামঞ্জস্যবিধান;
    - শিফটের ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, ক্রীড়াঙ্গনের কর্মীদের আগমন/প্রস্থানের সময় আগুপিছু করা);
    - যে সব কাজে সামাজিক দূরত্ব বজায় রাখা যায় সেগুলিকে যেসব কাজে সামাজিক দূরত্ব বজায় রাখা যায় না সেগুলির উপর অগ্রাধিকার দেওয়া;
    - কাজের সময়সুচি বিভিন্ন করা এবং দখলকৃত এলাকাগুলি নির্দেশিত করার জন্য চিহ্ন ব্যবহার করে একটি এলাকায় কর্মরত একাধিক কর্মীদল এবং/অথবা দল (যেমন, রক্ষণাবেক্ষণের কর্মীদল) এড়িয়ে চলা; এবং/অথবা
    - টেলিফোন এবং রেডিও, মাইক প্যাক, কপিয়ার, প্রিন্টার, রেজিস্টার এর মতো শেয়ার করা জিনিসপত্র ব্যবহার করার সময় সামাজিক দূরত্ব বজায় রাখার প্রোটোকল গড়ে তোলা, এবং ব্যবহারকারীদের মধ্যে শেয়ার করে ব্যবহার করা জিনিসপত্রগুলো পরিষ্কার ও জীবাণুমুক্ত করা এবং/অথবা ব্যবহারকারীদের ডিজপোজেবল গ্লাভস ব্যবহার করতে উৎসাহিত করা।

- যেখানে প্রযোজ্য, প্রস্থান ও প্রবেশপথে ভীড় এড়াতে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই একের পর এক অনুষ্ঠিত ইভেন্ট গুলোর সময় আগুপিছু করতে হবে এবং ইভেন্টগুলো শেষ হয়ে যাওয়ার পরে ক্রীড়াঙ্গনটির পুঙ্খানুপুঙ্খ পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ সুনিশ্চিত করতে হবে।

- এই মুহূর্তে, দায়বদ্ধ পক্ষগণ অবশ্যই সমর্থক-অ্যাথলেট এর যে কোনো প্রত্যক্ষ, পারস্পরিক ঘনিষ্ঠ সংযোগ (যেমন, অটোগ্রাফ, "ম্যাচে-পরা" খেলাধূলার সরঞ্জাম বিতরণ) নিষিদ্ধ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণ, সমস্ত রেস্তোরাঁ, পানশালা, এবং/অথবা এরিনা, স্টেডিয়াম, বা ক্রীড়াঙ্গনে, 'স্বাস্থ্য দপ্তর (DOH) এর COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে খাদ্য পরিষেবার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা"" (Interim Guidance for Food Services During the COVID-19 Public Health Emergency) তে যেভাবে বলা হয়েছে তা কঠোরভাবে মেনে, বসার আসনযুক্ত টেবিলগুলোর মধ্যে এবং দল এবং সমর্থকদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখার বন্দোবস্ত সহ, আউটডোর এবং ইনডোর খাদ্য পরিষেবা খুলতে পারবেন। যদিও, যেখানেই এই নির্দেশিকা

কঠোর মান প্রয়োগ করে (উদাহরণস্বরূপ, ধারণ ক্ষমতার সীমা, মুখ ঢেকে রাখার প্রয়োজনীয়তা), দায়বদ্ধ পক্ষকে অবশ্যই এই নির্দেশিকা মেনে চলতে হবে।

- উল্লিখিত নির্দেশিকা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সেলফ-সারভিং খাবার এবং পানীয় (উদাহরণস্বরূপ, কন্ডিমেন্ট, সোডা) বন্ধ করতে হবে, এবং শুধুমাত্র কর্মচারীদের কনসেশন এলাকায় খাদ্য এবং পানীয় পরিবেশন করার অনুমতি দিতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণকে সুনিশ্চিত করতে হবে যে, খাদ্য এবং পানীয়, যেখানে সম্ভব, আগে থেকে প্যাক করা বা আগে থেকে ভরে রাখা পাত্রে পরিবেশন করা হবে, এবং সেগুলি ব্যক্তিবর্গের মধ্যে শেয়ার করা যাবে না।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই খাদ্য এবং পানীয় পরিষেবাগুলোর ওপর প্রযোজ্য যে কোনো কার্ফিউ মেনে চলতে হবে; 14ই মার্চ, 2021 থেকে রাত 11:00টার পরে সেই খাদ্য ও পানীয়গুলোর পরিবেশন অবশ্যই বন্ধ করে দিতে হবে।

- ক্রীড়াঙ্গনের যে সমস্ত জায়গাগুলো পেশাদার খেলাধূলার প্রতিযোগিতার জন্য ব্যবহার হচ্ছে না, নিয়ন্ত্রিত এলাকার বাইরে জনসমাগম নিষিদ্ধ করতে সেই জায়গাগুলো সমর্থকদের জন্য বন্ধ রাখতে হবে এবং সমস্ত ক্রীড়াঙ্গন জুড়ে সামাজিক দূরত্বের প্রোটোকলগুলো সুনিশ্চিত করতে হবে।

D. চলাচল ও বাণিজ্য

- ধারণক্ষমতার বাধ্যবাধকতাগুলো যথাযথভাবে পরিচালনা, ব্যক্তিবর্গের গতিবিধির জন্য পরিকল্পনা ও নিয়ন্ত্রণ, এবং প্রবেশ/প্রস্থানপথের কাছাকাছি অপ্রয়োজনীয় জনসমাগম আটকাতে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে সমস্ত সমর্থকের কাছেই টিকিট আছে।

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সমর্থকদের নির্দিষ্ট গেটে প্রবেশের নির্দিষ্ট সময় বরাদ্দ করতে হবে যাতে প্রবেশ করার সময় ভীড় কমানো যায়, এবং অবশ্যই এই তথ্য অতিথিদের আগমনের পূর্বে জানিয়ে দিতে হবে (যেমন এক একটি সময় ও গেটের জন্য এক এক রঙের টিকিট, টিকিটে তথ্য প্রিন্ট করে দেওয়া, ইমেল বা বার্তার মাধ্যমে তথ্য পাঠিয়ে দেওয়া)।

- ভীড় এড়াতে দায়বদ্ধ পক্ষগণকে স্টেডিয়াম/এড়িনাতে অবশ্যই একটি পর্যাপ্ত সংখ্যক প্রবেশ ও প্রস্থানদ্বার খুলতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে গতিবিধি নিয়ন্ত্রণ করার জন্য সমস্ত খোলা গেটে কর্মী মোতায়েন রয়েছে।
  - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে সমস্ত উপস্থাপক বা সেই ধরনের ক্রীড়াঙ্গন কর্মী প্রস্থানরত সমর্থকদের নিকটবর্তী প্রস্থানের গেটের দিকে নির্দেশিত করার জন্য উপলভ্য রয়েছেন।

- যানবাহনের প্রবাহ, অনুমোদিত ধারণক্ষমতাতে সমর্থকদের সংখ্যা সীমিত করা, এবং সমর্থকরা যে সামাজিক দূরত্ব এবং জমায়েত হওয়ার নিষেধাজ্ঞাগুলি মেনে চলছেন, বিশেষ করে প্রবেশ ও প্রস্থানের সময়, তা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই পর্যাপ্ত সংখ্যক কর্মী ক্রীড়াঙ্গনে রাখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে সমর্থকদের প্রবেশের প্রমাণপত্রের বৈধতা নির্ধারণ করতে (বৈধ টিকিট, নেগেটিভ ডায়গনস্টিক টেস্টের ফলাফল বা টীকাকরণের প্রমাণ) পরিসীমা এবং প্রবেশপথ সম্প্রসারণের কথা বিবেচনা করতে হবে এবং ভীড় কমাতে প্রবেশের সময় সমর্থকদের পথ দেখিয়ে নিয়ে যেতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণে অবশ্যই জনসমাগম বা ঘোরাফেরা করা নিষিদ্ধ করতে হবে (যেমন ছাড়প্রাপ্ত এলাকাগুলোতে) এবং একসাথে জমায়েত হওয়া এবং ঘোরাফেরা করা বন্ধ করতে আরো কর্মচারী নিয়োগ বা কাজে লাগানো সহ, সাইটে পর্যাপ্ত সংখ্যক ক্রীড়াঙ্গন কর্মী রাখতে হবে।

- দায়বদ্ধ পগণকে অন-সাইট আলাপচারিতা সীমিত করা উচিত (উদাহরণস্বরূপ, যে সমস্ত ব্যক্তি ক্রীড়াঙ্গন থেকে বেরিয়ে যাচ্ছেন এবং যারা প্রবেশ করছেন তাদের জন্য পৃথক প্রস্থান এবং প্রবেশদ্বারের ব্যবস্থা রাখা) এবং গতিবিধি সীমিত করতে হবে (যেমন ইভেন্টের কর্মীদের যথাসম্ভব তাদের ওয়ার্কস্টেশনের কাছে থাকতে হবে)।
  - দায়বদ্ধ পক্ষগণকে, যেখানে সম্ভব, সুস্পষ্টভাবে নির্দিষ্ট করা পৃথক প্রবেশদ্বার এবং প্রস্থানদ্বার প্রদান করতে হবে।
  - ব্যক্তিবর্গ আবশ্যিক ডায়গনস্টিক টেস্টিং বা টীকাকরণের প্রমাণপত্র প্রদান করার জন্য ক্রীড়াঙ্গনের ভিতরে বা বাইরে যখন অপেক্ষা করবেন তখন যেখানে সম্ভব, ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে, দায়বদ্ধ পক্ষগণকে, অবশ্যই একটি পরিকল্পনা তৈরি করতে হবে। দায়বদ্ধ পক্ষগণ চাক্ষুষ ইঙ্গিত এবং/অথবা লাইন নিয়ন্ত্রণ করার যন্ত্রগুলো (যেমন, খাড়া লম্বা খুঁটি, লাইনের দূরত্ব চিহ্নিতকারী, তীরচিহ্ন) ব্যবহার করে পারেন।

- দায়বদ্ধ পক্ষগণকে অন্যান্য সমর্থকদের মধ্যে সামাজিক দূরত্ব বৃদ্ধি করার জন্য জনগণের অপেক্ষার এলাকার ব্যবস্থা করা (যেমন লাইন, লবি, পার্কিং এলাকা) এবং এলাকার অন্যদের সাথে আলাপচারিতা কমানোর ব্যবস্থা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলোকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে পৃষ্ঠপোষক/দর্শনার্থীরা আগাম টিকেট কিনতে পারবেন, যাতে তারা ক্ষমতার সীমা পরিচালনা করতে পারে এবং ট্র্যাক করতে পারে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই প্রাথমিকভাবে সংযোগবিহীন চেক-ইন টিকেটিং, এবং আগে থেকে পে করার বিকল্প (যেমন, অনলাইন পোর্টাল, মোবাইল অ্যাপ্লিকেশন, কল-অ্যাহেড, মেল অর্ডার, বা আগে থেকে ঠিক করা সময়ে নিজে গিয়ে সংগ্রহ করা) প্রদান করতে হবে এবং যেখানে সম্ভব, ক্যাশ, ক্রেডিট কার্ড, পুরস্কারের কার্ড, এবং সমর্থকদের থেকে মোবাইল ডিভাইস নেওয়া কমাতে, উপলভ্যতা অনুযায়ী স্পর্শবিহীন পেমেন্টের বিকল্পগুলো ব্যবহার করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই উপরোক্ত প্রয়োজনীয়তা অনুযায়ী সমর্থকদের জন্য ক্রীড়াঙ্গনে আসন বরাদ্দ করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সমর্থকদের ইভেন্টটির টিকিট অগ্রিম ক্রয় করতে বাধ্য করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই টিকিট সংগ্রহ এবং ক্রীড়াঙ্গনের অন্যান্য অপেক্ষার লাইনগুলোতে ছয় ফুট বা তার বেশি দূরত্ব চিহ্নিত করতে চাক্ষুষ ইঙ্গিত (উদাহরণস্বরূপ, কোন, মার্কার, সাইনেজ) রাখতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগণকে চেক-ইনের সময় সমর্থক এবং ক্রীড়াঙ্গনের কর্মীর মধ্যে ডিভাইস অথবা শেয়ার করা সামগ্রীর চালনা (যেমন ডিজিটাল টিকিটের সমস্যা সমাধানের জন্য ফোন) সীমিত করতে হবে।
  - যেখানে সম্ভব সেখানে, দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনে আগাম অথবা দূরবর্তী স্থান থেকে খাবার ও পানীয় অর্ডারের জন্য (যেমন ফোন, অনলাইন, অ্যাপ বা অন্য কোনও ডিজিটাল মাধ্যমে অর্ডার করা) সমর্থকদের উৎসাহ দিতে হবে এবং নির্ধারিত পিক-আপ চত্বরগুলোতে আইটেমগুলো উপলভ্য করতে হবে অথবা সমর্থকদের জন্য সরবরাহের বিকল্প দিতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে সংস্পর্শ যতটা সম্ভব সীমিত করতে অবশ্যই পিকআপ এবং ডেলিভারির জন্য এলাকা নির্দিষ্ট করতে হবে।

- পণ্য ডেলিভারির জন্য, দায়বদ্ধ পক্ষদের স্পর্শ না করে একটি ডেলিভারি ব্যবস্থার বাস্তবায়ন করতে হবে, যেখানে ডেলিভারি করার সময় ড্রাইভার গাড়িতে বসে থাকেন অথবা যেখানে সম্ভব নয় সেখানে, দায়বদ্ধ পক্ষরা প্রত্যাশিত কার্যকলাপের উপযুক্ত গ্রহণযোগ্য PPE প্রদান করবে যার মধ্যে ন্যূনতমভাবে ডেলিভারি প্রক্রিয়া চলাকালীন সময়ের জন্য বিনামূল্যে ডেলিভারির সাথে জড়িত ব্যক্তির জন্য একটি মুখের আবরণ অন্তর্ভুক্ত থাকে।

- দায়বদ্ধ পক্ষগণকে পণ্যের একটি লোড স্থানান্তর (যেমন একজন ডেলিভারি ড্রাইভারের থেকে) করার আগে এবং পরে অবশ্যই দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের হাতের স্বাস্থ্যবিধি পালন নিশ্চিত করতে হবে (যেমন আইটেমগুলো লোড করা শুরু করার আগে হাত জীবাণুমুক্ত করা; এবং একবার সব আইটেম লোড করা হয়ে গেলে, আবার হাতের স্বাস্থ্যবিধি পালন করা)।

- সমর্থকদের কাছে দায়বদ্ধ পক্ষগণকে নিষ্পত্তিযোগ্য একবার ব্যবহারোপযোগী প্রোগ্রাম, পুস্তিকা, মানচিত্র ইত্যাদি দিতে হবে, যদি সেই ধরনের আইটেমগুলো ব্যবহৃত হয়; এবং বাস্তবসম্মতভাবে, এগুলো ডিজিটালভাবে পাওয়ার ব্যবস্থা করতে হবে যাতে ব্যক্তিগত ইলেকট্রনিক ডিভাইসগুলোতে দেখা যায়।
  - একবার-ব্যবহারোপযোগী আইটেমগুলো প্রদান করা না গেলে, পুনর্ব্যবহারযোগ্য সামগ্রীগুলো প্রত্যেকবার ব্যবহারের পরে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়েছে বলে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে।
  - বস্তুগত প্রোগ্রাম এবং মানচিত্রগুলোর বদলে যেখানে সম্ভব সেখানেই ডিজিটাল প্রোগ্রাম এবং মানচিত্রগুলো (যেমন মোবাইল ফোনে) উপলভ্য করার জন্য দায়বদ্ধ পক্ষগণকে উৎসাহিত করা হয়।
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই:
  - সমর্থকদের জন্য ব্যাপকভাবে উপলভ্য নিজ-পরিবেশনের পানশালা এবং স্যাম্পলারগুলো বন্ধ করা;
  - যেকোনো বসার জায়গা বন্ধ করতে হবে যেখানে সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না; এবং
  - যে সমস্ত রিটেল পণ্যসামগ্রীর অঞ্চলগুলোতে সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না সেগুলো বন্ধ করে দিতে হবে।

II. জায়গা

A. বায়ু পরিশ্রুতকরণ এবং বিল্ডিং সিস্টেম

ইনডোর এলাকাযুক্ত ক্রীড়াঙ্গনগুলোর জন্য:

- দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে যে বিল্ডিংয়ে ন্যূনতম MERV-13, অথবা শিল্পের সমতুল্য বা তার চেয়ে বৃহত্তর (উদাহরণস্বরূপ, HEPA) HVAC সিস্টেম ফিল্টারেশন স্থাপন করা বর্তমানে ইনস্টল করা ফিল্টার র‍্যাক এবং এয়ার হ্যান্ডলিং সিস্টেমের সাথে সামঞ্জস্যপূর্ণ ফিল্টারেশনের সর্বাধিক রেট পূরণ করে, যেমন প্রযোজ্য এবং একটি প্রত্যয়িত HVAC টেকনিশিয়ান, পেশাদার বা সংস্থা, ASHRAE-প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিসনিং পেশাদার, অথবা নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিংয়ের ইঞ্জিনিয়ার দ্বারা প্রত্যয়িত এবং নথিভুক্ত হিসাবে।
  - দায়বদ্ধ পক্ষগণকে CDC এবং ASHRAE সুপারিশ অনুযায়ী অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল অবলম্বন করার কথা বিবেচনা করতে পারে, বিশেষ করে 15 বছরের বেশী বয়সী বিল্ডিংগুলোর জন্য, যার মধ্যে রয়েছে:
  - কেন্দ্রীয় ব্যবস্থার প্রয়োজনীয় রেট্রো-কমিশনিং, সেই সাথে প্রয়োজন অনুযায়ী পরীক্ষা, ভারসাম্য এবং মেরামত করা;
  - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
  - দীর্ঘ সময় ধরে সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
  - যেখানে যুক্তিসঙ্গত সেখানে চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, এবং তাজা বায়ু সরবরাহ বৃদ্ধিকারী পদ্ধতিগুলো বজায় রাখা;
  - যেখানে সম্ভব 40-60% এর মধ্যে আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখা;
  - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
  - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা;
  - এগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো নিশ্চিত করা।

- বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
- বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI-C) ইনস্টল করা এবং/অথবা
- বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিটগুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- যে ক্রীড়াঙ্গনগুলো উপরে উল্লিখিত ন্যূনতম ফিল্টারেশনের মাত্রা (অর্থাৎ, MERV-13 বা তার বেশি) পরিচালনা করতে পারে না সেগুলির জন্য, দায়বদ্ধ পক্ষদের অবশ্যই উচিৎ একটি প্রত্যয়িত HVAC টেকনিশিয়ান, পেশাদার, অথবা কোম্পানি, ASHRAE-প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিশনিং পেশাদার, অথবা নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিং ইঞ্জিনিয়ারের দ্বারা প্রত্যয়ন এবং নথিভুক্ত করতে হবে যে বর্তমানে ইনস্টল করা ফিল্টার র্যাকটি উপরে উল্লিখিত ফিল্টারেশনের ন্যূনতম স্তরের (অর্থাৎ MERV-13 বা তার বেশি) সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এবং/ অথবা এয়ার হ্যান্ডলিং সিস্টেমটি গরম এবং ঠান্ডা করার ন্যূনতম স্তরটি সম্পাদন করতে অক্ষম হবে যা সেটি অন্যথায় COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার আগে করতে সক্ষম হয়েছিল যদি তেমন উচ্চ মাত্রার ফিল্টারেশন (অর্থাৎ MERV-13 বা তার বেশি) ইন্সটল করা থাকে।
  - উপরন্তু, কম ফিল্ট্রেশন রেটে অপারেট করার জন্য দায়বদ্ধ পক্ষকে অবশ্যই স্টেট বা স্থানীয় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের পর্যালোচনার জন্য এই ধরনের কাগজপত্র রাখতে হবে, অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন কমানোর প্রোটোকল সহ।
  - উপরন্তু, যেসব দায়বদ্ধ পক্ষদের এয়ার হ্যান্ডলিং সিস্টেম সহ ক্রীড়াঙ্গন আছে যা MERV-13 বা তার বেশি ফিল্টারেশনের রেটিং পূরণ করতে অক্ষম তাদের CDC এবং ASHRAE পরামর্শগুলি অনুযায়ী বাড়তি ভেন্টিলেশন এবং এয়ার ফিল্টারেশন মিটিগেশন প্রোটোকলগুলি গ্রহণ করতে হবে, যার মধ্যে রয়েছে:
    - কেন্দ্রীয় ব্যবস্থার প্রয়োজনীয় রেট্রো-কমিশনিং, সেই সাথে প্রয়োজন অনুযায়ী পরীক্ষা, ভারসাম্য এবং মেরামত করা;
    - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
    - দীর্ঘ সময় ধরে সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
    - যেখানে যুক্তিসঙ্গত সেখানে চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, এবং তাজা বায়ু সরবরাহ বৃদ্ধিকারী পদ্ধতিগুলো বজায় রাখা;
    - যেখানে সম্ভব 40-60% এর মধ্যে আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখা;
    - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
    - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা;
    - এগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো নিশ্চিত করা।
    - বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
    - বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI-C) ইনস্টল করা এবং/অথবা
    - বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিটগুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- যে সব দায়বদ্ধ পক্ষের ক্রীড়াঙ্গনে কেন্দ্রীয় এয়ার হ্যান্ডলিং সিস্টেম নেই, তাদের অবশ্যই CDC এবং ASHRAE এর সুপারিশ অনুযায়ী ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল গ্রহণ করতে হবে।
  - সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে যেকোনো রুমের ভেন্টিলেশন সিস্টেম (যেমন উইন্ডো ইউনিট, ওয়াল ইউনিট) এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।
  - দীর্ঘ সময় ধরে যেকোনো রুমের ভেন্টিলেশন সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
  - তাজা বায়ু গ্রহণ সর্বোচ্চ করতে রুম ভেন্টিলেশন সিস্টেম সেটিং করা, ব্লোয়ার ফ্যান কম গতিতে সেট করা এবং বাসিন্দাদের থেকে যতদূর সম্ভব দূরে মুখ করে দেওয়া;
  - যেখানে সম্ভব 40-60% এর মধ্যে আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখা;
  - বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
  - যেকোনো সিলিং ফ্যান সেট করা যাতে উপস্থিত ব্যক্তিবর্গ থেকে উপরের দিকে বাতাস টানতে পারে, যদি প্রযোজ্য হয়;
  - যেখানে সম্ভব ইনডোর বাতাস এক্সজস্টের বদলে জানালায় ফ্যানের অগ্রাধিকার দেওয়া;
  - এমন পাখা ব্যবহার করা থেকে বিরত থাকা যা শুধুমাত্র বাতাস পুনঃপ্রবাহ করে অথবা যথাযথ এক্সজস্ট সরবরাহ না করে শুধুমাত্র একটি ঘরে বাতাস দেয়; এবং/অথবা
  - বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI-C) ইনস্টল করা এবং/অথবা
  - বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিটগুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- একেবারে বন্ধ থাকা একটি ক্রীড়াঙ্গনে লোকজন ফিরে আসার আগে, একটি স্বাস্থ্যকর এবং নিরাপদ পরিবেশ সুনিশ্চিত করতে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই ফিরে আসার আগের পরীক্ষা, কাজ এবং মূল্যায়নগুলি সম্পূর্ণ করতে হবে। এই সিস্টেমগুলির মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সীমিত নয়, মেকানিক্যাল সিস্টেম, ওয়াটার সিস্টেম, লিফট, এবং HVAC সিস্টেমগুলি।
  - সরঞ্জামগুলি কতদিন ধরে নিষ্ক্রিয় ছিল তার ওপর নির্ভর করে, মেশিনারি (যেমন ভাল্ভ এবং সুইচ) সঠিকভাবে অপারেট করছে তা নিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে সিস্টেমগুলিকে সতর্কভাবে পর্যবেক্ষণ করে চালাতে হবে।
  - দীর্ঘদিন বন্ধ থাকার পরে সিস্টেমগুলিকে পুনরায় চালু করতে নির্দিষ্ট সিস্টেম অ্যাক্সনের প্রয়োজন হতে পারে। পর্যবেক্ষণ অনুযায়ী বন্ধ থাকার মেয়াদ এবং অবস্থার ওপর ভিত্তি করে দায়বদ্ধ পক্ষগণকে এই আইটেমগুলির প্রতিটির প্রয়োজনীয়তা নির্ধারণ করতে হতে পারে।
  - যথার্থতা এবং প্রযোয্যতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে মেকআপ/বাইরের এয়ার সিস্টেমের ডিজাইনের ওপর নির্ভর করে অন্তত 24 ঘন্টার জন্য বিল্ডিংটিকে নির্মল বায়ু দিয়ে পরিপূর্ণ করতে হবে।
  - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে এয়ার ফিল্টারগুলি প্রয়োজন (যেমন, বিল্ডিংটি নির্মল বায়ু দিয়ে পরিপূর্ণ করার পরে) অনুযায়ী বদলানো হয়েছে।
  - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে কুলিং টাওয়ারগুলি স্টেটের আবশ্যিকতা অনুযায়ী রক্ষণাবেক্ষণ ও মনিটর করা হয়েছে এবং যে কোনো বন্ধ ওয়াটার সিস্টেম এবং/অথবা ওয়াটার ফিচারের জন্য রাসায়নিক এবং মাইক্রোবায়াল স্তরগুলি উল্লিখিত পরিসীমার মধ্যে আছে, এবং কোনো ডিভাইসে জল জমে থাকলে তা বের করে দেওয়া হয়েছে।

- প্রযোজ্য হলে, দায়বদ্ধ পক্ষগণকে বিল্ডিংয়ের জল পরিচালনা পরিকল্পনা অনুযায়ী অবশ্যই ঠান্ডা- এবং গরম-জল ফ্লাশ করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে বিল্ডিংয়ের ওয়াটার সিস্টেম ফ্লাশ করার পরে যে কোনো ওয়াটার ফিল্টার প্রয়োজন অনুযায়ী বদলানো হয়েছে।
- যে সকল বিল্ডিং পুরোপুরি বন্ধ ছিল সেগুলির জন্য, দায়বদ্ধ পক্ষগণকে সুনিশ্চিত করতে হবে যে রিওপেনিং এর আগে সমস্ত মেকানিক্যাল যন্ত্রপাতি এবং সিস্টেমের অপারেশন রিস্টোর করা হয়েছে।

B. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মী, সমর্থক সহ সমস্ত ব্যক্তিবর্গ যেন কেবলমাত্র তখনই ক্রীড়াঙ্গনে প্রবেশের অনুমতি পান যদি তারা একটি গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকন; যদি সেই ব্যক্তি দু বছরের বেশি বয়সী হন এবং চিকিৎসাগতভাবে এই ধরণের আবরণ সহ্য করতে সক্ষম।
  - নির্বাহী আদেশ 202.34 এর বর্ধিত পরিসর অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণ মুখের আবরণ পরতে অস্বীকার করা ব্যক্তিবর্গকে ঢুকতে বারণ করতে পারেন।
- সমস্ত ব্যক্তি ক্রীড়াঙ্গনের মধ্যে সবসময় গ্রহণযোগ্য মুখাবরণ পরে রয়েছেন কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে, অন্যদিকে এই নির্দেশিকায় অনুমোদিত থাকলে ব্যতিক্রম হবেন (যেমন বসে থাকাকালীন সমর্থকদের খাওয়া বা পান করার সময় এবং একই পার্টি/পরিজন/পরিবারের সদস্য, অনুশীলন বা প্রতিযোগিতায় অ্যাথলেট নন এমন ব্যক্তিদের থেকে পারষ্পরিক দূরত্ব বজায় রাখার সময়)।
- অ্যাথলেট অথবা সমর্থকদের সাথে নিয়মিত, ঘনিষ্ঠ অথবা প্রত্যক্ষ আদান-প্রদান হওয়া দলের কর্মী অথবা ক্রীড়াঙ্গনের কর্মীদের গ্লাভস এবং/অথবা চোখের সুরক্ষা ব্যবহারের জন্য দায়বদ্ধ পক্ষগণকে উৎসাহ দিতে হবে (যেমন অ্যাথলেটিক প্রশিক্ষক, চিকিৎসক, শর্তসাপেক্ষ প্রশিক্ষণের কোচ, বল হ্যান্ডেলার, সহায়ক, প্রশিক্ষক, মেডিকেল স্টাফ, টিকিট টেকার, চেক-ইন স্টাফ, নিরাপত্তা কর্মী, রেস্টরুমের সহায়ক)। গ্লাভস পরা না থাকলে, সেই ধরনের আদান-প্রদানের আগে ও পরে কর্মীকে হাতের স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- ওয়ার্কস্টেশনগুলোর মধ্যে যেখানে দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মীরা প্রায়শই অন্যান্য দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মী এবং/অথবা সমর্থকদের সাথে পারস্পরিক সংযোগ করেন (যেমন, চেক-আউট রেজিস্টার, টিকিট স্টেশন/কিওস্ক, কনসেশন, তথ্য/শেবার ডেস্ক, হেলথ স্ক্রিনিং স্টেশন) সেখানে যতটা স্মভব এবং যেখানে সামাজিক দূরত্ব কোনোভাবে বজায় রাখা সম্ভব নয় সেখানে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই বস্তুগত বাঁধা লাগাতে হবে।
  - উপরে যেমন উল্লেখ করা হয়েছে, শারীরিক প্রতিবন্ধকতা, (যেমন প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপাদান) যদি ব্যবহার করা হয়, তাহলে OSHA-র নির্দেশিকা অনুযায়ী স্থাপন করা উচিত।
- কর্মক্ষেত্রের নির্দিষ্ট কিছু কার্যকলাপের জন্য প্রয়োজনীয় যে কোনো PPE ছাড়াও, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই, ফ্যাশন, বা অন্যথায় স্বীকৃত মুখের আবরণ সংগ্রহ করতে হবে এবং দলের কর্মী, অ্যাথলেট, এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের ক্রীড়াঙ্গনের মধ্যে সেই আবরণগুলো বিনামূল্যে প্রদান করতে হবে। কোনো ব্যক্তির সেগুলো প্রতিস্থাপন করার প্রয়োজন হলে তা পূরণ করার জন্য দায়বদ্ধ পক্ষগণের কাছে মুখের আবরণ, মাস্ক এবং অন্যান্য প্রয়োজনীয় PPE-এর পর্যাপ্ত যোগান থাকতে হবে। মুখের আবরণ ব্যবহারের পর পরিষ্কার বা প্রতিস্থাপন করতে হবে এবং শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য এবং সেইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।

- জেনে রাখুন, যেসব ক্ষেত্রে সাধারণত কাজের প্রকৃতির কারণে PPE-র জন্য উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে কাপড়, ডিসপোজেবল মাস্ক কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য স্বীকৃত মুখের আবরণ হিসেবে গণ্য হবে না। দায়িত্বশীল পক্ষগুলিকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য OSHA-এর মানদণ্ড মেনে চলতে হবে।
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই কর্মীদের পরামর্শ দিতে হবে যদি মাস্ক ভিজে যায় বা ময়লা হয়ে যায় তাহলে তাদের মুখাবরণ নিয়মিত পরিষ্কার বা প্রতিস্থাপন করতে।

• দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীকে নিজস্ব স্বীকৃত মুখের আবরণ ব্যবহারের অনুমতি দিতে হলেও দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীকে নিজস্ব মুখের আবরণ সরবরাহ করার প্রয়োজনীয়তা নেই। উপরন্তু, এই নির্দেশিকা দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের তাদের নিজস্ব অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিক্যাল মাস্ক, N95 রেসপিরেটর) পরতে বাধা দেবে না।

  - কাজের ধরন অনুযায়ী দায়বদ্ধ পক্ষগণকে দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের আরো প্রতিরক্ষামূলক PPE পরা বাধ্যতামূলক করতে হতে পারে। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

• কীভাবে উপযুক্ত উপায়ে PPE পরা, খুলে রাখা, পরিষ্কার করা (প্রযোজ্য হলে), এবং ফেলে দেওয়া হয়, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের সে বিষয়ে প্রশিক্ষিত করতে হবে, যার মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত উপযুক্ত মুখের আবরণ।

• দায়বদ্ধ পক্ষগণকে সরঞ্জামসমূহ (যেমনঃ চেক আউট রেজিস্টার, টিকিট স্ক্যানার) শেয়ার করা এবং পাশাপাশি শেয়ার করা পৃষ্ঠতলের স্পর্শ সীমিত করতে ব্যবস্থা নিতে হবে; অথবা দলের কর্মী, অ্যাথলেট, ক্রীড়াঙ্গনের কর্মী এবং সমর্থকরা যখন শেয়ার করা সামগ্রীর অথবা প্রায়ই স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে আসবেন তখন তাদের গ্লাভস (ব্যবসার অথবা চিকিৎসাগতভাবে উপযুক্ত) পরে থাকতে হবে; অথবা সংস্পর্শে আসার আগে এবং পরে দলের কর্মী, অ্যাথলেট, ক্রীড়াঙ্গনের কর্মী এবং সমর্থকদের হাতের স্বাস্থ্যবিধি পালন করতে হবে।

C. স্বাস্থ্যবিধি, পরিচ্ছন্নতা, এবং জীবাণুমুক্তকরণ

• প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH-এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কি না তা দায়িত্বশীল পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়বদ্ধ পক্ষকে লগ বজায় রাখতে হবে যাতে তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিধি অন্তর্ভুক্ত।

• দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সাইটে হাতের পরিচ্ছন্নতা স্টেশন সরবরাহ এবং রক্ষণাবেক্ষণ করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোয়ার জন্য: সাবান, উষ্ণ প্রবাহিত পানি, এবং ডিসপোজেবল কাগজের তোয়ালে।
  - স্যানিটাইজারের জন্য: যেসব এলাকায় হাত ধোয়ার সুবিধা উপলভ্য বা বাস্তবিক নয় সেখানে একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে যাতে অন্তত 60% অ্যালকোহল রয়েছে।
  - দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনের প্রকাশ্য চত্বরগুলো জুড়ে (যেমন লবি, প্রবেশের জায়গা) হ্যান্ড স্যানিটাইজার উপলভ্য রাখতে হবে। যেখানে সম্ভব সেখানে স্পর্শবিহীন হ্যান্ড স্যানিটাইজার ডিসপেনসার রাখতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগণকে হ্যান্ড স্যানিটাইজারের জায়গাগুলির কাছে খুব বেশি নোংরা হাত সাবান এবং জল দিয়ে ধুতে হবে চিহ্নিত করে সাইনেজ দিতে হবে; হ্যান্ড স্যানিটাইজার খুব বেশি নোংরা হাতে কার্যকর হয় না।

  - দায়বদ্ধ পক্ষগুলিকে PPE সহ ময়লা সামগ্রী নিষ্পত্তির পাত্র ক্রীড়াঙ্গনের চারপাশে স্থাপন করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা সরঞ্জাম এবং পৃষ্ঠতলের (যেমন: টিকিট স্ক্যানার, মাইক্রোফণ, রেডিও, রেলিং, লিফটের বোতাম) জন্য যথাযথ পরিষ্কার করার এবং জীবাণুমুক্তকরণের সরঞ্জাম প্রদান করতে হবে এবং দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের সেই পৃষ্ঠতল এবং সরঞ্জাম ব্যবহারের আগে এবং পরে প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করতে হবে, এবং তারপর হাতের স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুগণকে এরিনা, স্টেডিয়াম, বা পেশাদার খেলাধূলার ক্রীড়াঙ্গনগুলোকে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত এবং প্রায়শই স্পর্শ করা সারফেসগুলোর মতো উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও ঘনঘন পরিষ্কার এবং জীবানুমুক্ত করতে হবে। পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ পুঙ্খানুপুঙ্খ এবং অনবরত করতে থাকতে হবে এবং অন্তত প্রতিটি গেমের পরে, বা প্রয়োজন অনুযায়ী আরো ঘনঘন করতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
    - দায়বদ্ধ পক্ষগণকে রেস্টরুমগুলি অবশ্যই নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। ক্রীড়াঙ্গনে কোনও ইভেন্ট/প্রতিযোগিতা থাকলে রেস্টরুমগুলো দিনে অন্ততপক্ষে দুবার অথবা ব্যবহারের ফ্রিকোয়েন্সির উপর নির্ভর করে আরও বেশিবার পরিষ্কার করে জীবাণুমুক্ত করতে হবে।
        - যেখানে সম্ভব সেখানে রেস্টরুমের ধারণক্ষমতা কমাতে দায়বদ্ধ পক্ষকে সাইনেজ, ব্যবহার হওয়ার চিহ্ন বা অন্যান্য পদ্ধতি ব্যবহার করে দূরত্ব বজায় বিধিমালা পালন করা সুনিশ্চিত করতে হবে।
        - প্রতিটি অনুশীলন এবং প্রতিযোগিতার পরে সমস্ত অ্যাথেলিট এবং দলের কর্মীদের চত্বরগুলো (যেমন লকারের ঘর) যথাযথভাবে এবং কার্যকরভাবে পরিষ্কার করে জীবাণুমুক্ত করা হয়েছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে।
    - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে শেয়ারকৃত ওয়ার্কস্টেশন (উদাহরণস্বরূপ, চেক-ইন ডেস্ক) পরিষ্কার করা এবং বিভিন্ন কর্মচারীদের ব্যবহারের মধ্যে জীবাণুমুক্ত করা হয়।
    - দায়বদ্ধ পক্ষগণকে যাতায়াতের জন্য খুব বেশি ব্যবহৃত এলাকা এবং খুব বেশি স্পর্শ হওয়া সারফেসগুলোর পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের জন্য এমন কর্মী নিয়োজিত রাখতে হবে যাদের সমর্থকরা দেখতে পাবেন।
    - দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের ব্যবহার করা সরঞ্জাম এবং যন্ত্রপাতিগুলো নিয়মিতভাবে পরিষ্কার করে নিবন্ধিত জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করা হয়েছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা দেখুন।
    - যদি পরিষ্কার বা জীবাণুমুক্তকরণ পণ্য বা পরিষ্কার এবং জীবাণুনাশক কাজ নিরাপত্তাকে ব্যাহত করে বা যন্ত্রপাতি, সরঞ্জাম বা উপাদানের ক্ষতি করে, তাহলে দায়বদ্ধ পক্ষগণকে কর্মীদের ব্যবহারের মধ্যবর্তী সময়ে হাতের স্বাস্থ্যবিধি পালনের এলাকাগুলোতে অ্যাক্সেসের ব্যবস্থা করতে হবে এবং/অথবা তাদের ডিজপোজেবল গ্লাভস সরবরাহ করতে হবে এবং/অথবা সেই যন্ত্রপাতি, সরঞ্জাম, বা অন্যান্য জিনিস ব্যবহারকারী ব্যক্তির সংখ্যা সীমিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনে বা ক্রীড়াঙ্গনের মধ্যে থাকা কোনো ব্যক্তির COVID-19 শনাক্ত হওয়ার ক্ষেত্রে সংস্পর্শে আসা এলাকাগুলো পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এবং অন্ততপক্ষে, নিকটবর্তী যাতায়াতের জন্য খুব বেশি ব্যবহৃত সমস্ত এলাকা এবং খুব বেশি স্পর্শ হওয়া সারফেসগুলোকে (যেমন বসার আসন, কিয়স্ক, লিফট, খেলাধূলার সরঞ্জাম, শেয়ার করা সারফেস, গারি, হ্যান্ডেল, দরজার নব বা কড়া) এই ধরনের পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে (যেমন যন্ত্রপাতি, পৃষ্ঠতল, গাড়ি, হ্যান্ডেল)।

- কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে "আপনার ফেসিলিটি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা"র (Cleaning and Disinfecting Your Facility) উপর CDC এর নির্দেশিকা নিম্নরূপ:
    - COVID-19 এ আক্রান্ত হিসেবে সন্দেহভাজন ব্যক্তি বা সংক্রমণ নিশ্চিত হওয়া ব্যক্তির ব্যবহৃত এলাকাগুলো বন্ধ করে দিন।
        - দায়বদ্ধ পক্ষকে তাদের কাজকর্ম বন্ধ করতে হবে না, যদি তারা ক্ষতিগ্রস্ত এলাকাগুলি বন্ধ করতে পারে।
    - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
    - পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার আগে 24 ঘন্টা অপেক্ষা করুন। যদি 24 ঘন্টা সম্ভব না হয়, তাহলে যতক্ষণ সম্ভব অপেক্ষা করুন।
    - COVID-19 এ নিশ্চিতভাবে অসুস্থ ব্যক্তি দ্বারা ব্যবহৃত সকল এলাকা যেমন অফিস, বাথরুম, সাধারণ এলাকা, এবং ভাগাভাগি করা সরঞ্জাম পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।
    - একবার এলাকা যথাযথভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়ে গেলে, এটি ব্যবহারের জন্য খোলা যেতে পারে।
        - COVID-19 এ আক্রান্ত বা আক্রান্ত হিসেবে সন্দেহভাজন ব্যক্তির সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ হয় নি বা কাছাকাছি আসেননি এমন দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের জীবাণুমুক্ত করার প অনতিবিলম্বে কাজের এলাকায় ফিরে যেতে পারবেন।
        - "ঘনিষ্ঠ বা কাছাকাছি" যোগাযোগ সম্পর্কে তথ্যের জন্য DOH এর "সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য COVID-19 সংক্রমণ বা সংস্পর্শে আসার পর কাজে ফিরে আসা সম্পর্কিত অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
    - COVID-19 সংক্রমিত হিসেবে সন্দেহভাজন বা নিশ্চিতভাবে সংক্রমিত ব্যক্তি ক্রীড়াঙ্গনটিতে পরিদর্শন করার পর বা ব্যবহার করার পর সাত দিনের বেশি সময় পেরিয়ে গেলে, স্থানটিকে অতিরিক্ত পরিষ্কার করার এবং জীবানুমুক্ত করার প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবানুমুক্ত করা অব্যাহত রাখতে হবে।
- প্রতিটি ইভেন্টের পরে দায়বদ্ধ পক্ষগণকে যতটা সম্ভব সমস্ত বসার আসন (যেমন চেয়ার, আর্মরেস্ট বা হাত রাখার জায়গা) পরিষ্কার করে জীবাণুমুক্ত করতে হবে।
- ভাগ করে ব্যবহার করা বস্তুগুলোর (যেমনঃ পেমেন্ট ডিভাইস, ক্যাশ রেজিস্টার, টিকেট কিয়স্ক) ব্যাবহার সংক্রান্ত কর্মগুলির ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগুলিকে বাধ্যতামূলকভাবে সেইসব বস্তু এবং স্থান অন্ততঃ দিনে একবার করে পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হবে।
    - ক্রীড়াঙ্গনের কর্মীদের সারাদিন ধরে নিজেদের সরঞ্জাম (যেমন টিকিট স্ক্যানার, রেডিও, ওয়ার্কস্টেশন) মাঝে-মাঝেই পরিষ্কার করে জীবাণুমুক্ত করার পর্যাপ্ত সময় দেওয়া হচ্ছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে সমস্ত সউনা, হট টাব, ক্রায়োথেরাপির চেম্বার বা সদৃশ বদ্ধ জায়গাগুলো সমস্ত অ্যাথলেট, দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মীর জন্য বন্ধ রয়েছে, যদি না চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় হয় এবং সম্পর্কিত পেশাদার স্পোর্টস লীগ, অ্যাসোসিয়েশন বা নিয়ন্ত্রকমণ্ডলী অনুমতি দেয়, এই সমস্ত ক্ষেত্রে, এই ধরনের জায়গাগুলোকে অবশ্যই প্রতিবার ব্যবহারের মাঝে পরিষ্কার করে জীবাণুমুক্ত করতে হবে।
- প্রতিবার ব্যবহার অথবা পরীক্ষার মাঝে টেবিল এবং পৃষ্ঠতলগুলো সহ যেকোনও মেডিকেল চত্বর পরিষ্কার করে জীবাণুমুক্ত করা হয়েছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অ্যাথলেট, দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের মধ্যে যেকোনও ব্যক্তিগত আইটেমের (যেমন জলের বোতল, সরঞ্জাম, তোয়ালে, টয়লেটের জিনিসপত্র, পোশাক-পরিচ্ছেদ) শেয়ার নিষিদ্ধ করতে হবে।

- যতটা সম্ভব ব্যবস্থা সম্ভব ততটাই, দায়বদ্ধ পক্ষগণকে যেকোনও সময় ক্রীড়াঙ্গনের মধ্যে থুতু ফেলা এবং থুতু ফেলা প্রয়োজন এমন পণ্য (যেমন ধোঁয়াবিহীন তামাক, সূর্যমুখীর বীজ) নিষিদ্ধ করতে হবে।

- প্রতিযোগিতা জুড়ে একাধিক অ্যাথলেট বা দলের কর্মীদের স্পর্শ করা স্পোর্টিংয়ের সরঞ্জাম (যেমন সকারের বল, বেসবল, টেনিস বল, বাস্কেটবল, বেসবলের ব্যাট) নিয়মিত পরিষ্কার করে জীবাণুমুক্ত করা হয়েছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে।

- একটি প্রতিযোগীতার পরে ক্রীড়াঙ্গনে প্রদত্ত লকার রুমের বদলে অ্যাথলেটদের নিজ হোটেল বা আবাসনে স্নান করার জন্য দায়বদ্ধ পক্ষগণকে উৎসাহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে অ্যাথলেটরা মাউথগার্ড ঢোকানোর এবং বের করার আগে ও পরে হাতের স্বাস্থ্যবিধি মেনে চলছেন।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সমর্থকদের মধ্যে একই পক্ষ/পরিজনবর্গ/পরিবারের এমন যেকোনও খাবার/পানীয়র আদান-প্রদান নিষিদ্ধ করতে হবে (যেমন নিচের সারিতে স্ন্যাকস পাঠানো)।

- দায়বদ্ধ পক্ষগণকে সম্ভব হলে ক্রীড়াঙ্গনের মধ্যেই কাপড় জামা (তোয়ালে, ইউনিফর্ম, পোশাক) সংগ্রহ করে ধুতে হবে এবং ইকুইপমেন্ট ম্যানেজার বা সহায়ক এর মতো অন্য ব্যক্তিদের পরিচালনা ছাড়াই ব্যবহৃত কাপড়-জামা একটি নির্ধারিত বাক্সে ফেলার জন্য অ্যাথলেটদের উৎসাহিত করতে হবে।

  - যে দলের কর্মী বা ক্রীড়াঙ্গনের কর্মী ব্যবহৃত বা নোংরা তোয়ালে, লিনেন এবং ধোয়ার জন্য যাবে এমন অন্যান্য আইটেমগুলো সামলান, তাকে অবশ্যই নিম্নলিখিত CDC এর সতর্কতা মেনে চলতে হবে: ধোয়ার নোংরা কাপড় নাড়াচাড়া করবেন না, লন্ড্রি এবং হ্যাম্পার পরিচালনার সময় নিষ্পত্তিযোগ্য গ্লাভস পরুন, আইটেমগুলোর জন্য উৎপাদকের নির্দেশাবলী অনুযায়ী সবথেকে উপযুক্ত উষ্ণ জলের সেটিং ব্যবহার করুন, প্রতিবার ব্যবহারের পরে হ্যাম্পারগুলো পরিষ্কার করে জীবাণুমুক্ত করুন এবং লন্ড্রির কাজ হয়ে গেলে ও গ্লাভসগুলো খুলে ফেলে দেওয়ার পরে সাবান ও জল দিয়ে হাত ধুয়ে নিন অথবা অন্তত 60% অ্যালকোহল থাকা কোনও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

- কেন্দ্রটি জুড়ে দূষণের ছড়িয়ে পড়া সীমিত করতে দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনের নির্দিষ্ট চত্বরগুলোতে (যেমন লকার রুম) পরিষ্করণের কর্মী নির্ধারণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণ ক্রীড়াঙ্গনে সেই সমস্ত ধর্মীয় স্থাপন বা সুযোগ-সুবিধাগুলোতে প্রবেশাধিকার বন্ধ বা সীমিত করার কথা বিবেচনা করতে পারেন যেগুলোতে সমর্থকদের জমায়েত বা একাধিক স্পর্শের সম্ভাবনা রয়েছে, যেমন অনুরোধ সাপেক্ষে স্বতন্ত্র বন্টনের সুবিধার্থে প্রচারমূলক প্রচারপত্রের স্ট্যান্ড।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীর মধ্যে খাবার ও পানীয় শেয়ার (যেমন স্বয়ং-পরিবেশিত আহার এবং পানীয়) নিষিদ্ধ করতে হবে এবং খাবার খাওয়ার সময় পারস্পরিক দূরত্ব বজায় থাকছে কিনা দেখতে দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের জন্য পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করতে হবে।

D. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষগণকে পুনরায় খোলার ক্রিয়াকলাপ পর্যায়ক্রমিকভাবে করার জন্য উৎসাহিত করা হয় যাতে পেশাদার খেলাধূলার প্রতিযোগিতা এবং ক্রীড়াঙ্গনের কার্যকলাপগুলো পুনরায় শুরুর আগে পরিচালন সংক্রান্ত সমস্যার সমাধান করা সম্ভব হয়।

- o দায়বদ্ধ পক্ষগুলোর উচিত সিজন পাস হোল্ডার এবং/অথবা স্থানীয় পৃষ্ঠপোষকদের জন্য প্রাথমিক প্রবেশাধিকারকে অগ্রাধিকার দেয়া, কারণ অপারেশনের শুরুর দিন এবং সপ্তাহের শুরুতে পরিদর্শন বৃদ্ধি পায়।

- o দায়বদ্ধ পক্ষগুলোর উচিত তাদের টিকেট বাতিল এবং অর্থ ফেরত নীতির যে কোন যথাযথ সংশোধনী বিবেচনা করা যাতে কোন অসুস্থ পৃষ্ঠপোষককে বাড়িতে থাকতে উৎসাহিত করতে পারে।

E. যোগাযোগ পরিকল্পনা

- একবার সমর্থক সহ পেশাদার খেলাধূলার প্রতিযোগিতা আয়োজন করার জন্য স্বাস্থ্য দপ্তর (DOH) এর অনুমোদন পেয়ে গেলে, 10,000 বা তার বেশি উপস্থিতি থাকা ক্রীড়াঙ্গনগুলোর ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগণকে প্রতিটি ইভেন্টের জন্য, ইভেন্টের অন্তত 5 দিন আগে, স্বাস্থ্য দপ্তরে (DOH) অবশ্যই ইভেন্টের বিশদ জমা করতে হবে, এবং সেই বিশদে যেগুলি অন্তর্ভুক্ত থাকবে কিন্তু সেগুলিতেই সীমাবদ্ধ থাকবে না (1) দায়বদ্ধ পক্ষদের যোগাযোগের তথ্য, (2) ইভেন্টের নাম, (3) ইভেন্টের ঠিকানা, (4) ইভেন্টের তারিখ ও সময়, (5) ইভেন্টের আনুমানিক মেয়াদ, (6) ইভেন্টের সমর্থকদের (অর্থাৎ ভক্ত বা দর্শকবৃন্দ) প্রত্যাশিত সংখ্যা, এবং (7) ইভেন্টের কর্মীর (অর্থাৎ দলের কর্মী, অ্যাথলেট, ক্রীড়াঙ্গনের কর্মী) প্রত্যাশিত সংখ্যা। ইভেন্টের বস্তুগত পরিবর্তনগুলির ক্ষেত্রে, সেগুলি পর্যালোচনার জন্য অবশ্যই আবার স্বাস্থ্য দপ্তর (DOH) এর কাছে জমা করতে হবে।
    - o নির্দেশাবলীর সমস্ত ক্ষেত্র মেনে চলা হচ্ছে কিনা নিশ্চিত করতে ইভেন্ট/প্রতিযোগিতাগুলো স্টেট এবং/অথবা স্থানীয় স্বাস্থ্য আধিকারিকের নিরীক্ষণ সাপেক্ষ।

- একবার নিজ-নিজ কাউন্টির স্বাস্থ্য দফতর বা স্থানীয় সরকারি স্বাস্থ্য কর্তৃপক্ষ সমর্থক সহ পেশাদারী স্পোর্টসের প্রতিযোগিতা করার অনুমতি দিলে, ইনডোরে উপস্থিতির ক্ষমতা 1,500 থেকে 9,999 থাকা অথবা আউটডোরে উপস্থিতির ক্ষমতা 2,500 থেকে 9,999 থাকা ক্রীড়াঙ্গনের দায়বদ্ধ পক্ষগণকে প্রতিটি ইভেন্টের জন্য অবশ্যই নিজ-নিজ কাউন্টির স্বাস্থ্য দফতরে অথবা স্থানীয় সরকারি কর্তৃপক্ষের কাছে ইভেন্টটি হওয়ার তারিখের অন্তত 5 দিন আগে ইভেন্টে বিশদ বিবরণী জমা দিতে হবে এবং এই ধরনের বিশদ বিবরণীর মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত থাকলে (1) দায়বদ্ধ পক্ষগণের যোগাযোগের তথ্য, (2) ইভেন্টের নাম, (3) ইভেন্টে ঠিকানা, (4) ইভেন্টের তারিখ ও সময়, (6) ইভেন্ট সমর্থকের প্রত্যাশিত সংখ্যা (অর্থাৎ ভক্ত বা দর্শক) এবং (7) ইভেন্ট কর্মীর কাঙ্খিত সংখ্যা (অর্থাৎ দলের কর্মী, অ্যাথলেট, ক্রীড়াঙ্গনের কর্মী)। ইভেন্টের বিশদ বিবরণীতে বস্তুগত পরিবর্তন হলে, তাদের অবশ্যই সেটি নিজ-নিজ কাউন্টির স্বাস্থ্য দফতর বা স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের কাছে পুনরায় জমা দিতে হবে।
    - o নির্দেশাবলীর সমস্ত ক্ষেত্র মেনে চলা হচ্ছে কিনা নিশ্চিত করতে ইভেন্ট/প্রতিযোগিতাগুলো স্টেট এবং/অথবা স্থানীয় স্বাস্থ্য আধিকারিকের নিরীক্ষণ সাপেক্ষ।

- দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে যে তারা স্টেটের জারি করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করতে হবে যে তারা সেগুলি কার্যকর করবেন।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সমস্ত দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা তৈরি করতে হবে যা ব্যক্তিবর্গকে প্রযোজ্য নির্দেশনা, প্রশিক্ষণ, সাইনেজ, এবং তথ্য প্রদানের একটি সঙ্গতিপূর্ণ উপায়কে অন্তর্ভুক্ত করবে। দায়বদ্ধ পক্ষগণকে ওয়েবপেজ, টেক্সট এবং ইমেল গ্রুপ, এবং সোশ্যাল মিডিয়া গড়ে তোলার কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষের উচিত সাইনেজ ও মৌখিক যোগাযোগের মাধ্যমে গ্রাহকদের PPE- বিশেষত মুখাবরণের ব্যাবহারের ক্ষেত্রে CDC এবং DOH এর নির্দেশিকা মেনে চলতে উৎসাহিত করা।

- দায়বদ্ধ পক্ষগণকে, অবশ্যই, ব্যক্তিবর্গকে সঠিক পরিচ্ছন্নতা, সামাজিক দূরত্বের নিয়ম, PPE এর সঠিক ব্যবহার এবং পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল মেনে চলার কথা মনে করিয়ে দিয়ে ক্রীড়াঙ্গনের ভিতরে ও বাইরে সাইনেজ টাঙাতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে ক্রীড়াঙ্গনে কার্যকর নিরাপত্তা ও স্বাস্থ্যের প্রোটোকলের রূপরেখা দিয়ে একটি প্রাক-ইভেন্ট ঘোষণা সহ সমর্থকদের কাছে নিরাপত্তা/স্বাস্থ্য সম্বন্ধীয় সতর্কতা নিয়ে স্পষ্ট এবং সচেতন তথ্য সরবরাহ করতে হবে।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং টেস্টিং

- দুই বছরের বেশি সমস্ত সমর্থক, জনসমক্ষে যাওয়া ক্রীড়াঙ্গনের কর্মী, অ্যাথলেট এবং দলের কর্মীরা ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA) বা DOH এর অনুমোদিত পলিমারেজ চেইন প্রতিক্রিয়া (polymerase chain reaction, PCR) বা তুলনামূলক বিশ্লেষণী সংবেদনশীলতার কার্যক্ষমতার অন্য কোনও নিউক্লিক অ্যাসিড অ্যাম্পলিফিকেশন টেস্ট (nucleic acid amplification test, NAATs) ব্যবহার করে COVID-19 রোগনির্ণয়ের পরীক্ষার ফলাফল নেগেটিভ হয়েছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণের জানা প্রয়োজন এবং সেটি তাদের সুনিশ্চিত করতে হবে। উপরন্তু দায়বদ্ধ পক্ষগণ ইভেন্ট শুরু হওয়ার 6 ঘন্টার মধ্যে কোনও সংগৃহীত নমুনার উপর সম্পাদিত কোনও FDA অনুমোদিত অ্যান্টিজেন পরীক্ষার থেকে COVID-19 পরীক্ষার নেগেটিভ ফলাফলও স্বীকার করতে পারেন।
    - সমস্ত সমর্থককে অবশ্যই ইভেন্ট/প্রতিযোগীতা শুরু হওয়ার আগে, অথবা উপস্থিত হওয়ার পরে অবিলম্বে নির্দিষ্ট ক্রীড়াঙ্গনের কর্মীর কাছে, রোগনির্ণয়ের নেগেটিভ ফলাফলের (যেমন মোবাইল অ্যাপ্লিকেশন, কাগজের আকারে) প্রমাণ দিতে হবে।
    - ক্রীড়াঙ্গনে ইভেন্ট/ প্রতিযোগীতার 6 ঘন্টার মধ্যে নমুনা পরীক্ষার ফলাফল পেতে সমর্থক, ক্রীড়াঙ্গনের কর্মী, অ্যাথলেট এবং দলের কর্মীদের জন্য দায়বদ্ধ পক্ষগণ FDA অনুমোদিত অ্যান্টিজেন পরীক্ষা করানোর প্রস্তাব দিতে পারে; তবে এক্ষেত্রে যদিও এই ধরনের অ্যান্টিজেন পরীক্ষাকে অবশ্যই DOH এর ঘোষিত প্রয়োজনীয়তা এবং মানদণ্ড পূরণ করতে হবে, যার মধ্যে বিভাগের ইলেকট্রনিক ক্লিনিকাল ল্যাবরেটরির রিপোর্টিং সিস্টেম (Electronic Clinical Laboratory Reporting System, ECLRS)-এ সময়মতো এবং সম্পূর্ণ রিপোর্ট করা অন্তর্ভুক্ত রয়েছে।
        - PCR, NAAT বা অ্যান্টিজেন পরীক্ষার ফলাফলের জন্য অপেক্ষা করার সময় সংস্পর্শে আসার সম্ভাবনা কমাতে, সেই ব্যক্তিদের COVID-19 এর উপসর্গের দিকে নজর রাখতে হবে, প্রকাশ্য স্থানে থাকাকালীন ফেস কভারিং পরতে হবে, পারস্পরিক দূরত্ব বজায় রাখতে হবে এবং প্রকাশ্য স্থানে বেশিক্ষণ সময় থাকা, অজ্ঞাত ব্যক্তিদের সঙ্গে সংযোগ এবং বৃহদায়তন দূষিত স্থানগুলো এড়িয়ে চলতে হবে।
    - পরীক্ষা করানোর প্রয়োজনীয়তার বিকল্প হিসাবে সমর্থক, ক্রীড়াঙ্গনের কর্মী, অ্যাথলেট এবং দলের কর্মীরা ইভেন্ট/প্রতিযোগিতা শুরু হওয়ার অন্তত 14 দিন আগে COVID-19 টিকার সিরিজ সম্পূর্ণ হয়েছে বলে প্রমাণপত্র প্রদান করতে পারেন। তবে, DOH এবং রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) ক্রমাগত COVID-19 সংক্রমণের সম্ভাবনার উপর টিকাকরণের প্রভাব করে চলেছে বলে, এখনও রোগ নির্ণয়ের পরীক্ষা করিয়ে নেওয়াই সুপারিশকৃত এবং দায়বদ্ধ পক্ষগণ পরীক্ষা করানো প্রয়োজনীয় বলে বেছে নিতে পারেন। CDC এর সাথে আলোচনা করে DOH ক্রমাগত টিকাকরণের অগ্রগতি নিরীক্ষণ করে যাবে এবং সেই অনুযায়ী নির্দেশিকা সংশোধন হবে।
    - উপরের বিশদ তথ্য অনুযায়ী, ক্রীড়াঙ্গনের কর্মী এবং দলের কর্মীকে তাদের প্রথম ইভেন্ট/প্রতিযোগিতার আগে কোনও ডায়াগোনস্টিক টেস্টের মাধ্যমে অবশ্যই COVID-19 এর পরীক্ষা করাতে হবে এবং তারপর থেকে

ক্রীড়াঙ্গনে ইভেন্ট/প্রতিযোগিতার জন্য যতদিন পর্যন্ত তারা কাজ করবেন এবং সমর্থক এবং/অথবা অ্যাথলেটদের কাছাকাছি থেকে কার্যকলাপ করবেন ততদিন অবশ্যই সাপ্তাহিক পরীক্ষা করাতে হবে। বিকল্পক্ষেত্রে, ক্রীড়াঙ্গনের কর্মী এবং দলের কর্মীরা ইভেন্ট(গুলো)/প্রতিযোগিতা(গুলো) শুরু হওয়ার অন্তত 14 দিন আগে COVID-19 টিকার সিরিজ সম্পূর্ণ হয়েছে বলে প্রমাণপত্র প্রদান করতে পারেন।

- যে ব্যক্তি, প্রয়োজন অনুযায়ী নেগেটিভ রোগনির্ণয় পরীক্ষার ফলাফল বা টিকাকরণের প্রমাণ দেখাতে ব্যর্থ হবেন, ইভেন্ট/প্রতিযোগিতায় তার প্রবেশ অবশ্যই দায়বদ্ধ পক্ষগণকে অস্বীকার করতে হবে। COVID-19 রোগনির্ণয় পরীক্ষায় পজিটিভ ফলাফল হওয়া যেকোনও দলের কর্মী, অ্যাথলেট বা ক্রীড়াঙ্গনের কর্মীকে অবশ্যই ইভেন্ট/প্রতিযোগিতা থেকে বাদ দিতে হবে, যতক্ষণ না পর্যন্ত তারা উপযুক্ত স্বাস্থ্য কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করছেন এবং কর্মক্ষেত্রে ফিরে আসার ক্লিয়ারেন্স পাচ্ছেন। উপরন্তু, COVID-19 রোগনির্ণয় পরীক্ষায় পজিটিভ ফলাফল হওয়া কোনও সমর্থকের, পাশাপাশি সমর্থকের পক্ষ থেকে গত 10 দিনের মধ্যে পজিটিভ সমর্থকের কাছাকাছি আসতে পারেন এমন কোনও সদস্যের (যেমন পরিবারের সদস্য, একই আবাসন ভাগ করেন এমন ব্যক্তি) ইভেন্ট/প্রতিযোগিতায় প্রবেশ অস্বীকার করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অনুশীলন এবং প্রতিযোগিতা সহ সশরীরে যেকোনও পেশাদারী স্পোর্টসের কার্যকলাপের আগে দলের কর্মী, অ্যাথলেট, ক্রীড়াঙ্গনের কর্মী এবং সমর্থক সমেত সমস্ত ব্যক্তির জন্য অবশ্যই বাধ্যতামূলক স্বাস্থ্য স্ক্রিনিংয়ের ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে। ডেলিভারি কর্মীদের জন্য এই ধরনের স্ক্রিনিং প্রস্তাবিত হলেও আবশ্যিক নয়।
  - ক্রীড়াঙ্গনে প্রবেশের আগে যতদূর সম্ভব দূরবর্তী স্থান থেকেও (যেমন ই-মেল, টেলিফোনের মাধ্যমে, ইলেকট্রনিক সমীক্ষা, টিকিট কেনার সময়, সিগনেজের মাধ্যমে) স্ক্রিনিং করা যেতে পারে।
  - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে মেলামেশা করা থেকে কর্মীদের বিরত রাখার জন্য স্ক্রীনিং এর সমন্বয়সাধন করা উচিত।
  - স্বাস্থ্য স্ক্রিনিংয়ের অংশ হিসাবে, দায়বদ্ধ পক্ষগণকে যোগাযোগবিহীন থার্মোমিটার বা থার্মাল ক্যামেরা ব্যবহার করে সমস্ত সমর্থকদের তাপমাত্রা আবশ্যিকভাবে পরীক্ষা করতে হবে। 100.4° ফাঃ বা তার বেশি তাপমাত্রা থাকা কোনও সমর্থকের, পাশাপাশি সমর্থকের পক্ষ থেকে গত 10 দিনের মধ্যে সেই জ্বর থাকা সমর্থকের কাছাকাছি আসতে পারেন এমন কোনও সদস্যের (যেমন পরিবারের সদস্য, একই আবাসন ভাগ করেন এমন ব্যক্তি) ইভেন্ট/প্রতিযোগিতাগুলোতে প্রবেশ অস্বীকার করতে হবে।
    - কোনও সমর্থকের প্রথমবার তাপমাত্রা পরীক্ষায় 100.4° ফাঃ বা তার বেশি তাপমাত্রা হলে দায়বদ্ধ পক্ষগণ সাময়িকভাবে তাকে স্ক্রিনিংয়ের লাইন থেকে সরে দাঁড়ানোর, তার শরীরের স্বাভাবিক তাপমাত্রা ফিরে আসার জন্য কিছুক্ষণ অপেক্ষা করার এবং তারপর দ্বিতীয়বার তাপমাত্রা পরীক্ষা করানোর সুযোগ দিতে পারেন। স্বাস্থ্য স্ক্রিনিংয়ের অংশ হিসাবে, দায়বদ্ধ পক্ষগণকে যোগাযোগবিহীন থার্মোমিটার বা থার্মাল ক্যামেরা ব্যবহার করে সমস্ত সমর্থকদের তাপমাত্রা আবশ্যিকভাবে পরীক্ষা করতে হবে।
    - তাপমাত্রা পরীক্ষা অবশ্যই মার্কিন সম কর্মসংস্থানের সুযোগ কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা স্বাস্থ্য দপ্তর (DOH) এর নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করতে হবে। দায়বদ্ধ পক্ষগণ কর্তৃক ব্যক্তিবর্গের স্বাস্থ্য তথ্যের রেকর্ড রাখা নিষিদ্ধ (উদাহরণস্বরূপ, একজন ব্যক্তির নির্দিষ্ট তাপমাত্রার তথ্য), কিন্তু এমন রেকর্ড বজায় রাখার অনুমতি দেওয়া হয় যা নিশ্চিত করে যে ব্যক্তিকে স্ক্রিন করা হয়েছে এবং এই ধরনের স্ক্রিনিং এর ফলাফল (উদাহরণস্বরূপ, পাস/ফেল, ক্লিয়ার/ক্লিয়ার করা হয়নি), যদি না ব্যক্তিটি সেটি করার জন্য সুস্পষ্ট অনুমতি দিয়ে থাকেন।

- অন্ততপক্ষে, একটি প্রশ্নপত্র ব্যবহার করে স্ক্রীনিং সম্পন্ন করতে হবে যা নির্ধারণ করে যে ব্যক্তিটি:
  - COVID-19 উপসর্গসমূহ: বর্তমানে COVID-19 এর কোনো উপসর্গ বুঝতে পারছেন, বা সম্প্রতি (গত 48 ঘন্টার মধ্যে) কোনো উপসর্গ বুঝতে পেরেছেন;
    - CDC-র পরামর্শ অনুযায়ী COVID-19 উপসর্গসমূহ জ্বর বা সর্দি, কাশি, শ্বাসকষ্ট বা শ্বাস নিতে অসুবিধা হওয়া, ক্লান্তি, পেশি বা শরীরে যন্ত্রনা, মাথাযন্ত্রনা, নতুন করে স্বাদ বা গন্ধের অনুভূতি চলে যাওয়া, গলা

ব্যাথা, নাক বন্ধ হয়ে যাওয়া বা নাক দিয়ে জল পড়া, গা গোলানো বা বমি হওয়া, ডায়রিয়াকে অন্তর্ভুক্ত করতে পারে; যদিও এই উপসর্গগুলোর বেশ কয়েকটি, একজন চিকিৎসকের নির্ণীত, অ্যালার্জি বা মাইগ্রেনের মতো আগে থেকে থাকা শারীরিক অসুস্থতার কারণে হতে পারে। সেই সমস্ত ক্ষেত্রে, উপসর্গগুলো নতুন বা আরও খারাপের দিকে গেলে, ব্যক্তিবর্গকে শুধুমাত্র "হ্যা" উত্তর দিতে হবে।

- COVID-19 সংযোগসমূহ: ডায়গোনস্টিক টেস্ট, উপসর্গগুলোর ওপর ভিত্তি করে, গত 10 দিনের মধ্যে, COVID-19-এ সংক্রমিত কোনো ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে (অথবা স্বাস্থ্য কর্তৃপক্ষের নির্ণয় অনুযায়ী অব্যবহিত সংস্পর্শে আসা) এসেছিলেন কিনা।
  - স্বাস্থ্য দপ্তর (DOH) পরামর্শ দিয়েছে যে ঘনিষ্ঠ সংস্পর্শে আসা বলতে কোনো ব্যক্তির উপসর্গ পরিলক্ষিত হওয়ার 2 দিন আগে থেকে শুরু করে বা উপসর্গগুলো না থাকা ব্যক্তিবর্গের ক্ষেত্রে টেস্ট হওয়ার 2 দিন আগে থেকে, 24-ঘণ্টা সময়কালের মধ্যে 10 মিনিট বা তার বেশি সময় সেই ব্যক্তির 6 ফুটের মধ্যে থাকা। (ঘনিষ্ঠ সংস্পর্শ একটি স্বাস্থ্য সেবা কেন্দ্রে যথাযথ, আবশ্যিক ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম পরে থাকা কর্মীদের অন্তর্ভুক্ত করে না।)
  - এই ছাড় সেই সমস্ত ব্যক্তিবর্গের ক্ষেত্রে প্রযোজ্য হবে না যাদের (1) গত 90 দিনের মধ্যে - COVID-19 এর বিরুদ্ধে সম্পূর্ণরূপে টিকাকরণ হয়ে গেছে - টিকার সিরিজ সম্পূর্ণ হয়ে যাওয়ার 14 দিন পর হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে বা (2) গত 3 মাসের মধ্যে পরীক্ষাগারের নিশ্চিত করা COVID-19 কেস থেকে সম্পূর্ণ আরোগ্য লাভ করেছেন। (ঘনিষ্ঠ সংস্পর্শের পরে কোয়ারেন্টাইনে থাকা সত্ত্বেও, সেই ব্যক্তিবর্গকে সংস্পর্শে আসার পর থেকে 14 দিন ধরে COVID-19 উপসর্গসমূহের জন্য মনিটর করতে হবে।)
- COVID-19 এর পজিটিভ পরীক্ষা: গত 10 দিনের মধ্যে COVID-19 এর জন্য ডায়াগনস্টিক পরীক্ষার মাধ্যমে পজিটিভ পরীক্ষিত হয়েছেন; এবং/অথবা
- সাম্প্রতিক ভ্রমণ: গত 10 দিনের মধ্যে কোনও দূরবর্তী স্টেট, মার্কিন যুক্তরাষ্ট্রের কেন্দ্রশাসিত অঞ্চলে অথবা CDC লেভেল 2 বা তার বেশি ভ্রমণের পরামর্শযুক্ত দেশ থেকে নিউ ইয়র্ক স্টেটে ভ্রমণ করে এসেছেন এবং স্টেটের ভ্রমণ সংক্রান্ত উপদেশ অনুসরণ করতে ব্যর্থ হয়েছেন।
  - 1লা এপ্রিল, 2021 তারিখ থেকে কার্যকর, স্টেটের ভ্রমণ সংক্রান্ত উপদেশ অনুযায়ী অন্য মার্কিন স্টেট বা কেন্দ্রশাসিত অঞ্চল থেকে নিউ ইয়র্কে প্রবেশ করার পরে ডোমেস্টিক বা দেশীয় পর্যটকদের আর কোয়ারেন্টাইন থাকার প্রয়োজন নেই। আন্তর্জাতিক পর্যটকদের জন্য ফেডারেল CDC এর আবশ্যিক শর্ত কার্যকরই থাকবে।

- দায়বদ্ধ পক্ষগণকে দলের কর্মী, অ্যাথলেট, ক্রীড়াঙ্গনের কর্মী, এবং সমর্থকদের জন্য এটি আবশ্যক করতে হবে যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের ক্ষেত্রে তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন।

- দায়বদ্ধ পক্ষগণকে স্ক্রিনিং প্রক্রিয়া সহজতর করার জন্য সমস্ত দলের কর্মী এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের সাথে সহযোগিতা করতে হবে। স্ক্রিনিংয়ের সর্বোত্তম চর্চাগুলি অন্তর্ভুক্ত করে:
  - সমর্থকদের সাথে আগাম কথাবার্তা বলে জানিয়ে রাখেন যে তারা স্ক্রিনিংয়ে ব্যর্থ হলে ক্রীড়াঙ্গনে প্রবেশ করতে পারবেন না, এমনকি এটা তাদের পক্ষের অন্য সদস্যদের উপরেও প্রভাব ফেলতে পারে যদি তারা উপসর্গ বা পরীক্ষার পজিটিভ ফলাফলের উপর নির্ভর করে সন্দেহভাজন বা নিশ্চিত COVID-19 রোগীর বেশি কাছাকাছি থাকেন।
  - সেই ব্যক্তিদের শনাক্ত করেন যারা তাদের স্ক্রিনিংয়ের প্রশ্নাবলী আগাম সম্পূর্ণ করেছেন এবং পাশ করেছেন।
  - জায়গা এবং ভবনের গঠনপ্রণালী সুযোগ দিলে, COVID-19 এর সন্দেহজনক বা নিশ্চিত কেসের ক্ষেত্রে প্রভাবটিকে ন্যূনতম করতে ক্রীড়াঙ্গনের প্রবেশদ্বারে বা তার নিকটে ব্যক্তিবর্গকে স্ক্রিন করা।
  - স্ক্রিনিং এবং/অথবা ক্রীড়াঙ্গনে প্রবেশের জন্য লাইনে দাঁড়িয়ে থাকা ব্যক্তিবর্গকে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখার সুযোগ দেওয়া।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই যেকোনও দলের প্রাক-ভ্রমণ স্ক্রিনিংয়ের ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে, তা তারা দেশের মধ্যেই ভ্রমণ করুক অথবা আন্তর্জাতিকভাবে। আন্তর্জাতিক ভ্রমণে, ফিরে আসার পরে প্রয়োজন মতো যাত্রীদের কোয়ারেন্টাইন সহ সমস্ত ফেডারেল, স্টেট এবং স্থানীয় নির্দেশিকা অবশ্যই মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে সুনিশ্চিত করতে হবে যে তাপমাত্রার পরীক্ষা সহ কোনো দলের কর্মী বা ক্রীড়াঙ্গনের কর্মী, উষ্ণতা পরীক্ষা সহ স্ক্রিনিংয়ের কাজটি করলে, তিনি ক্রীড়াঙ্গনে সম্ভাব্য সংক্রামক কর্মীদের সংস্পর্শে আসার থেকে যথাযথভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত, নিয়োগকর্তার দ্বারা সনাক্ত করা ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হতে হবে।

    - যারা স্ক্রিন করছেন তাদের অবশ্যই কমপক্ষে একটি স্বীকৃত ফেস কভারিং সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করতে হবে, এবং তাতে গ্লাভস, একটি গাউন, গগলস এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত করা যেতে পারে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই ইভেন্ট/প্রতিযোগিতার জন্য এমন যেকোনও সমর্থকের ক্রীড়াঙ্গনে প্রবেশ অস্বীকার করতে হবে যিনি স্ক্রিনিং প্রশ্নাবলীতে ব্যর্থ হবেন অথবা COVID-19 রোগনির্ণয় পরীক্ষায় যার ফলাফল পজিটিভ এসেছে, সেই সঙ্গে সেই সমর্থকের পক্ষ থেকে এমন কোনও সদস্যকেও যিনি গত 10 দিনের মধ্যে সেই সমর্থকের বেশি কাছাকাছি ছিলেন (যেমন পরিবারের সদস্য, একই আবাসন ভাগ করেন এমন ব্যক্তিবর্গ)।

    - স্ক্রিনিং প্রশ্নাবলীতে ব্যর্থ হওয়া অথবা COVID-19 রোগনির্ণয় পরীক্ষায় যার ফলাফল পজিটিভ আসার কারণে প্রবেশ অস্বীকার হওয়া সমর্থকদের মূল্যায়নের জন্য কোনও স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করা এবং উপযুক্ত হলে ডায়গনিস্টিক টেস্ট করাতে হবে।

- স্ক্রিনিং প্রশ্নাবলীতে ব্যর্থ হওয়া অথবা COVID-19 রোগনির্ণয় পরীক্ষায় ফলাফল পজিটিভ আসা কোনও দলের কর্মী, অ্যাথলেট বা ক্রীড়াঙ্গনের কর্মীর প্রবেশ দায়বদ্ধ পক্ষগণকে অস্বীকার করতে হবে। এই ধরনের দলের কর্মী, অ্যাথলেট বা ক্রীড়াঙ্গনের কর্মীকে মূল্যায়নের জন্য কোনও স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করার এবং প্রযোজ্য হলে ডায়াগোনেস্টিক টেস্ট করানোর নির্দেশ দিয়ে অবশ্যই বাড়িতে বা কোনও মনোনীত স্থানে পাঠাতে হবে।

    - দায়বদ্ধ পক্ষগণকে দলের কর্মী, অ্যাথলেট, বা ক্রীড়াঙ্গনের কর্মীদের দূরবর্তীভাবে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য প্রদান করতে হবে।

    - COVID-19 এর জন্য ডায়গনস্টিক পরীক্ষার ফল পজিটিভ হলে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অবিলম্বে কেসটি সম্বন্ধে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে জানাতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণের COVID-19 এর সন্দেহভাজন বা নিশ্চিত কেস বা COVID-19 এ আক্রান্তের সাথে দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মী ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগের পর কাজে ফিরে আসতে চাওয়া দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মী সংক্রান্ত প্রোটোকল বা পলিসি জানার জন্য "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে যোগাযোগের জন্য একটি কেন্দ্র নির্ধারণ করতে হবে, যা প্রতি কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিনের জন্য আলাদা হতে পারে, যে দলের সমস্ত কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের প্রশ্নপত্র পর্যালোচনা এবং পরীক্ষা করার জন্য দায়ী, এবং যদি কোনো দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মী পরবর্তীকালে COVID-19 সংক্রান্ত উপসর্গের সম্মুখীন হন তাহলে তা জানানোর জন্য সেই ব্যক্তিকে উপযুক্ত পক্ষ হিসাবে শনাক্ত করতে হবে, যেমন প্রশ্নপত্রটিতে উল্লেখ করা হয়েছে।

    - সন্দেহভাজন ব্যক্তি বা পজিটিভ রোগীদের সম্বন্ধে নোটিফিকেশন পেতে এবং সাইটের নিরাপত্তা নিরীক্ষকের (site safety monitor) সাথে আলোচনা সাপেক্ষে সেই প্রতিটি নোটিফিকেশন, কথাবার্তা (communication), সংস্পর্শ

ট্র্যাকিং (contact tracking) শুরু করতে এবং পরিস্থিতিটির জন্য প্রযোজ্যতা অনুযায়ী পরিষ্কার ও জীবাণুমুক্ত করার কাজ আরম্ভ করতে ক্রীড়াঙ্গনের জন্য যোগাযোগের নির্ধারিত পয়েন্ট(গুলো) প্রস্তুত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে একজন সাইটের সুরক্ষার পর্যবেক্ষক নিয়োগ করতে হবে যার দায়িত্বগুলির মধ্যে স্থানটির নিরাপত্তা পরিকল্পনা এবং নির্দেশনার সমস্ত দিক অবিরত মেনে চলা হচ্ছে কিনা তা অন্তর্ভুক্ত।
    - যখন একটি ডায়গনিস্টিক পরীক্ষার ফলাফলের মধ্য দিয়ে নিশ্চিত পজিটিভ COVID-19 রোগীর সম্বন্ধে জানানো হয় এবং সেই ব্যক্তি ক্রীড়াঙ্গনে বর্তমানে উপস্থিত থাকেন অথবা সম্প্রতি ছিলেন, সেক্ষেত্রে সাইটের নিরাপত্তা নিরীক্ষককে অবশ্যই এগুলো করতে হবে:
        - যে কোনো নিশ্চিত পজিটিভ কেসের ক্ষেত্রে অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে জানান।
        - সংস্পর্শ ট্র্যাকিংয়ের প্রচেষ্টায় সহায়তা করতে হবে যাতে সেই ব্যক্তির বেশি কাছাকাছি বা ধরা-ছোঁয়ার মধ্যে থাকা ব্যক্তিদের শনাক্ত করা যায়, যাদের কোয়ারেন্টাইনে থাকার প্রয়োজন হতে পারে,
        - পজিটিভ রোগীর রিপোর্ট হওয়া ক্রীড়াঙ্গনটিতে নির্দিষ্ট পজিটিভ রোগীর সংস্পর্শে আসতে পারে এমন ব্যক্তিদের চিনতে কথাবার্তা বলতে হবে, সংস্পর্শ ট্র্যাকিংয়ের ব্যবস্থা করা হবে, বেশি কাছাকাছি আসা ব্যক্তিদের জানানো হবে এবং সংস্পর্শে আসা চত্বরে অতিরিক্ত পরিষ্কার ও জীবাণুমুক্তির কার্য সম্পাদন হবে আর
        - উপরোক্ত প্রোটোকলগুলো অনুযায়ী, সংস্পর্শে আসা চত্বরগুলো পরিষ্কার করে জীবাণুমুক্ত করতে উপযুক্ত স্টাফ বা কর্মীকে পাঠাতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সেই সমস্ত দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মী সহ প্রত্যেক ব্যক্তির জন্য একটি লগ বা নিবন্ধনের খাতা রক্ষণাবেক্ষণ করতে হবে যারা ক্রীড়াঙ্গনে অন্য ব্যক্তিদের বেশি কাছাকাছি বা ধরা-ছোঁয়ার মধ্যে এসেছেন; ব্যতিক্রম হল উপযুক্ত PPE পরে অথবা যোগাযোগবিহীনভাবে সম্পাদিত ডেলিভারি এবং সমর্থকদের উপস্থিতি আলাদাভাবে দায়বদ্ধ পক্ষগণ রক্ষণাবেক্ষণ করবেন।
    - লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী COVID-19-এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, তাদের খুঁজে পাওয়া যায় এবং তাদের জানানো যায়।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- ক্রীড়াঙ্গনে কোনো ব্যক্তি COVID-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল হয়েছে বলে জানতে পারলে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সে সম্পর্কে জানাতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই ক্রীড়াঙ্গনের সেই ব্যক্তিদের শনাক্ত করে স্টেটের এবং স্থানীয় স্বাস্থ্য দফতরের সংস্পর্শ ট্র্যাকিংয়ের প্রচেষ্টায় সহযোগিতা করতে হবে যারা একজন পজিটিভ রোগীর COVID-19 রোগের উপসর্গ ধরা পরা অথবা ডায়গনিস্টিক টেস্টের জন্য নমুনা সংগ্রহের মধ্যে যেটা আগে হবে সেটা হওয়ার আগে 48 ঘন্টার মধ্যে একসাথে সেই ব্যক্তির সাথে অথবা কাছাকাছি, একই চত্বরে বা চত্বরের কাছাকাছি থাকতে পারেন। এই ধরনের ট্র্যাকিংয়ের প্রচেষ্টার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ইভেন্ট/প্রতিযোগিতার আগে অথবা চলাকালীন সংগ্রহ করা তথ্যের পর্যালোচনা, যেমন পার্কিংয়ের তথ্য, স্ক্রিনিংয়ের রেকর্ড এবং প্রকাশ্য চত্বরগুলোর ভিডিও ফুটেজ (যেমন প্রবেশ/প্রস্থানদ্বার, লবি)।
    - ফেডারেল এবং স্টেটের আইন ও বিধান অনুযায়ী অবশ্যই গোপনীয়তা বজায় রাখতে হবে।
    - একজন অ্যাথলেট, দলের কর্মী বা ক্রীড়াঙ্গনের কর্মীর প্রবেশাধিকারের চত্বরগুলো কোনও ডায়গনিস্টিক টেস্টের ফলাফল পজিটিভ আসা দলের কর্মী বা অ্যাথলেট ব্যবহার করলে, সংস্পর্শের ট্র্যাকিং সম্পূর্ণ না হওয়া পর্যন্ত এবং সংক্রামিত ব্যক্তিদের আইসোলেশন এবং সংস্পর্শে আসা ব্যক্তিদের কোয়ারেন্টাইন বাস্তবায়িত না হওয়া পর্যন্ত

সেখানে যাতে কোনও অনুশীলন বা প্রতিযোগীতা শুরু না হয় সেটি দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে।

- ক্রীড়াঙ্গনে থাকাকালীন দলের কর্মী, অ্যাথলেট, বা ক্রীড়াঙ্গনের কর্মীর COVID-19 উপসর্গ দেখা দেওয়ার ক্ষেত্রে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই পার্শ্ববর্তী এলাকার ব্যক্তিবর্গকে অথবা যারা অবিলম্বে আক্রান্ত হয়ে থাকতে পারেন তাদের, সেই ব্যক্তি ক্রীড়াঙ্গনের কোথায় কোথায় ছিলেন সে সম্পর্কে তথ্য সহ অবহিত করতে হবে, এবং যদি উপসর্গ সহিত ব্যক্তি COVID-19 এর জন্য পজিটিভ পরীক্ষিত হয়ে থাকেন তাহলে সে বিষয়েও তাদের অবহিত করতে হবে।

- স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তর তাদের আইনি ক্ষমতাবলে, প্রয়োগযোগ্যতা অনুযায়ী, গৃহ বিচ্ছিন্নতা বা সঙ্গনিরোধ সহ সংক্রমিত বা এক্সপোজড ব্যক্তিদের মনিটরিং ও চলাচলে বিধিনিষেধ বাস্তবায়ন করতে পারে।

- দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদেরকে সতর্ক করে দেওয়া হয়েছে যে তারা একজন COVID-19 সংক্রমিত ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি এসেছেন, এবং যাদের চিহ্নিতকরণ, ট্র্যাকিং বা অন্যান্য পদ্ধতিগুলির মাধ্যমে সতর্ক করে দেওয়া হয়েছে, তাদের সতর্ক করে দেওয়ার সময় নিজে থেকে তাদেরকে নিয়োগকারীকে রিপোর্ট করতে হবে এবং তারা উপরে উল্লিখিত সমস্ত প্রোটোকল মেনে চলবেন।

- দায়বদ্ধ পক্ষগণকে সম্ভাব্য সংস্পর্শ ট্র্যাকিংয়ের প্রচেষ্টায় ব্যবহারের জন্য যোগাযোগের তথ্য দিতে ইভেন্টে পৌঁছানোর আগে বা পৌঁছানোর পরে অবিলম্বে প্রতি সমর্থকের (অথবা সমর্থক অপ্রাপ্তবয়স্ক হলে তার পক্ষ/পরিজন/পরিবার থেকে কোনও প্রাপ্তবয়স্ক ব্যক্তি) সম্পূর্ণ নাম, জন্মতারিখ এবং ফোন নম্বর বা ই-মেল সহযোগে উপস্থিতি আবশ্যিকভাবে নথিভুক্ত করা প্রয়োজন। বাস্তবসম্মতভাবে যতটা সম্ভব ততটা এই সমস্ত সমর্থকদের তথ্যে ইভেন্ট/প্রতিযোগিতায় নির্ধারিত বসার আসনটির উল্লেখ করা উচিত।

    - উপরের তথ্য সংগ্রহ করতে যোগাযোগের তথ্য সংগ্রহের প্রক্রিয়াটি দায়বদ্ধ পক্ষগণের তৈরি করা যেকোনও পদ্ধতিতে হতে পারে, যার মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত: টিকিট কেনার সময়, কোনও ডিজিটাল অ্যাপ্লিকেশনের মাধ্যমে বা কাগজপত্রের আকারে, ক্রীড়াঙ্গনের মনোনীত কোনও পরীক্ষা/ল্যাবরেটরি প্রদানকারীর মাধ্যমে অথবা কোনও টিকিট ব্যবস্থাপনা সিস্টেমের মাধ্যমে।

    - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই 28 দিন ধরে উল্লিখিত সাইন-ইন তথ্যের রেকর্ড বজায় রাখতে হবে এবং অনুরোধ করা হলে স্টেট ও স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের কাছে এই ধরনের তথ্য উপলভ্য করতে হবে। ব্যক্তির সাম্প্রতিক ডায়াগনিস্টিক টেস্টের নেগেটিভ ফলাফলের প্রমাণ বা COVID-19 এর জন্য টিকাকরণের প্রমাণ রেখে দেওয়ার প্রয়োজন দায়বদ্ধ পক্ষগণের নেই।

IV. নিয়োগকারীর পরিকল্পনাসমূহ

দলের কর্মী, অ্যাথলেট এবং ক্রীড়াঙ্গনের কর্মীদের জন্য দায়বদ্ধ পক্ষগণকে সাইটে সুস্পষ্টভাবে একটি সম্পূর্ণ সাইট নিরাপত্তার পরিকল্পনা(সমূহ) অবশ্যই পোস্ট করতে হবে। COVID-19 এর বিস্তার রোধ করতে পরিকল্পনা গঠনের জন্য স্টেট, ব্যবসার মালিক এবং পরিচালকদের পথ দেখাতে, একটি ব্যবসার রিওপেনিংয়ের নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

নিরাপত্তার আরো তথ্য, নির্দেশিকা এবং রিসোর্সগুলি এখানে উপলব্ধ:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 এর ওয়েবসাইট

https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়বদ্ধতা পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation